inception (1969). By this time he had joined the Bhilai Steel in Madhyapradesh as a skilled labourer and at the same time continued his higher education privately and carried on trade union activities. For his independent and upright thinking, he could not stay with any of the hierarchical organised Communist Party for long but carried on his activities among the workers independently and almost single handedly. By this time he had lost his job of a permanent worker in the Steel Factory. Then he joined as a casual labourer in the Dhanitola mines under Bhilai Steel works and started it organising the illiterate and unskilled labour there in 1975 during the National Emergency GuhaNeogi was arrested under Maintenance of Internal Security Act (MISA). It was at this time, the mine workers of the Delhi Rajtara mines,the largest mines under the Bhilai Works Limited became restive. Coming out of jail in 1977 after the lifting of the emergency at the request of the workers to change of the worker movement there. Under his initiative was formed the Chhatisgarh Mines Sramik Sangha (CMSS) an apolitical labour organisation outside the outside the control of any political party

The first struggle of the C.M.S.S was against the anti-labour agreement made by the professional trade union leaders with the management, In May, 1977 the workers started movement for ideal wage and repair of quarters. In spite of financial hardship the workers remained united till their demands were promised to be made up by the contractor and the mill management but soon these were discarded by them. The labourers started a strike. Neogi was arrested and in protest massive troubles started. Eleven workers including women were killed by the police firing, but Danton repression failed to break the morale of the workers. After eighteen days of strike the management had to give in. All the demands of the labourers were fulfilled and GuhaNeogi was released. The historic success of the strike under C.M.S.S led to the duration of its branches in all the mines the region in the Bailakla Iron mine located in the contiguous Baster district, against the proposed wholesale mechanization of the CMSS under the leadership of GuhaNeogi came to the support of miners. GuhaNeogi made it clear to the miners of all mines that such whole scale mechanization would cause havoc to the workers, at the same time he understood that solertivemechanization was necessary for improvement in production. The management had to finally accept his proposal. GuhaNeogi clarified that the twin goal of any labour organization should be to increase the quality and quantity of production and at the same time to resist retrenchmentin any form and increase wages commensurate with increased production.

After sometime GuhaNeogi noticed that due to a series of successful strikes and movement though the wage of the miners, mostly aboriginals, considerably increased, but their standard of living has not improved. Rather as a result of excessive drinking or frequent visits to brothels They were increasingly in debt-trap with falling health and domestic violence leading to family break ups. He further noticed that the

chain of wine shops and brothels were in control of the contractors and their allies. So, he came to the conclusion that the work of an ideal trade union should not be confined only to the 8 hours working time in the factory and their wages but it should include all the aspects of the workers lives in 24 hours. The C.M.S.S started multifarious activities like muhalla committee for improving the condition of the workers quarters, creche and primary schools for educating the children and adult education centres for the aged labourers, forcing the management and the government to run regular secondary schools in the mining area, cleanliness drive in the labours area, a hospital for the workers was also started, for physical exercise and recreation of the labour football club and athletic club were started, for addressing the problem of women *MahilaMuktiManchas* was created, even the ecological issue did not remain untouched, against the repressive forest policy of government.

These all-round activities of the C.M.S.S reminds every one of the Ahmedabad Mazoor Mahajan established by Gandhi more than fifty years back. It was difficult for the administration, the owners and agents of political parties to accept a new way of life which challenges the very basis of their exploitative system. So the final attack came on GuhaNeogi.An unidentified assassin bullet terminated his life on 28th September, 1991. Within a short time the C.S.S.M became divided and gradually the movement lost its momentum.But the ideals of GuhaNeogi like Gandhi died hardly and remained as the light for the posterity who thought of improving the condition of labourhood.

Thus GuhaNeogi, a most Ungandhian person remained as the greatest torchbearer of Gandhi's ideas or rather dreams for the labourers.

### Section-III

A new danger began from the late 1980s and the early 1990s with the growing impact of globalization, open market economy, Computerization and mechanization. A large number of old factories came to be closed, the old type of production system gradually came to be change with the introduction of new machines, leading to large scale retrenchment and certain new types of industries where set up where only highly skilled and trained workers were needed in the face of all this, the very existence of the traditional working days was at take and the trade union had and have no readymade solutions to often before the workers the warning of Gandhi proved to be properly prophetic.

The labour situation became even more complicated by the conflicting role of the international organization, contending coalitions in the central government and the accentuating differences between the public policies and private agendas of the competing political parties.

Under the World Trade Organization (WTO) regime, the trade vis-a-vis labour standards is a debatable issue. Initially the developed countries insisted upon the WTO to incorporate labour standard issues into its agenda on the ground that developing countries have suppressed labour wages as

well as have poor working condition and there is no level playing field between the labour condition of the developed countries and the developing countries. Naturally, the developing countries opposed this idea. On the other hand the international labour organisation (ILO), a tripartite specialised international entity comprising of representative of government, employees and trade unions of member countries, is working to achieve full and productive employment and decent work for all. The core labour standard of the ILO include prohibition of forced labour freedom of association and collective bargaining elimination of discrimination in employment and occupation acceptable condition of work, minimum living wages occupational safety and health in the work place and abolition of child labour India, being a member of both these organisation has a mandate to improve the conditions of labour and ensure minimum wages and to abide by the proposal resolutions of the international bodies. The Fundamental Rights and Directive Principles of the Indian constitution also mandated the law makers to ensure living wage and fair condition of work as an integral part of socio-economic justice. Mood of the labour laws in the first half a century after independence have been enacted and amended in compliance with the recommendations of the royal commission on labour (1931), the 1st National Commission on Labour (1969) since independence, the Indian government has tried to implement.ILO conventions as well as recommendation and judicial pronouncement

But in the context of emerging globalisation in economic arena as well as the need to facilitate a flexible labour law regime with a social security framework,the union Government, then under the premiership of Atal Bihari Vajpayee constituted the Second National Commission on labour under the chairmanship of Ravindra Varma in oct 1999 with the declared objective of (i) Suggesting rationalization of existing laws relating to labour in the organised sector (ii) Suggesting an umbrella legislation for ensuring a minimum level of protection to the workers in the unorganised sector also an in-depth study and talking into consideration of the suggestion of all the stakeholders, the commission submitted it, voluminousreport in2002. But thesubsequent government, both under the BJP led NDA or the Congress led UPA could make little headway in implementing the proposal returns.

The commission recommended to consolidate all labour laws in certain specified groups, the changes in labour laws should be accompanied, by a welldefined social security package to benefit all the workers, whether in organised or unorganised sector, and (iii) to minimise contract labour regime to avoid ongoing exploitation in core manufacturing and service areas. (iv) four codeswages, social security, industrial safety and welfare, industrial relations. The minimum wage should be revised once in five years; in addition, dearness allowance will be adjusted every sixmonths, linked to the consumer. Price index. The commission also

recommended the abolition of the system of wage board industry wise.

No doubt, the commission has put a certain high standard for the allround development of working class not only in the organised sector but also in the hug but ill-defined unorganised sector.

The Second National Commission on labour has made two other important suggestion. One was the skill development of the workers to enhance the employability. The commission was of the view that the level of wages depend on econ. efficiency of an established and the workers have to be intended in productivity as like the management. The commission recommended for a system of constant upgradation of employability though draining in a wide spectrum of multiple skill. Another proposal of the commission was to liberalise the Industrial Disputes Act in the case of lockout, closure and retrenchment with adequate notice and compensation. But none of these suggestions were seriously taken by any government.[13]

## Section- IV

In fact all the pious suggestions of the Second Labour Commission apparently have very great similarities with the Gandhian thought of labour-capital relationship. But what was lacking on the part of all concerned stakeholders was the political will to carry these ideas and translate them for the actual benefit of not only the workers but also the entire society as envisioned by Gandhi.

Unorganised Social Security Act (2008) and the prohibition of employment as manual scavengers and their rehabilitation Act (2013) have been enacted. But the law alone cannot change the scenario. manual scavenging is prohibited but it has to be substitutedby mechanised process and the rehabilitation of the scavengers. But this was not done properly. One can remember Gandhis sympathy/empathy for Bhangis which was lacking among the administrators and their political master Policy makers need a political will to make any return successful which was sadly lacking for long.

In September 2020 the Parliament enacted three labour codes on (i) Industrial Relations (which consolidates the industrial disputes act of 1947, the Industrial Employment (Standing Orders) Act 1946, and trade union Act, 1926 (ii) Code on occupational safety, health and working conditions of all establishmenthaving 10 or more employees to consolidate existing 13 labour laws including Factories Act of 1948 and the contract labour (regulation and abolition) Act of 1947 (iii) Code relating to social security includes Employees Provident Fund Act, Maternity Benefits Act, Building and Other Construction Works Act and employees compensation Act to enact a single social security code. As during the monsoon session in September 2020 was as such no debate in parliament amidst the continuing boycott by the opposition parties, these acts were criticised outside the parliament mainly by the leftists and the central trade unions. Apparently, these acts try for the consolidation of rights and privileges of the workers and peaceful solution through negotiatedsettlement. But the critics of the

act rightly print out the inherent dangers in these built which were anti-labour in nature.So, apprehensions and concernof all stakeholders should be taken into consideration to consolidate and empower the much awaited reforms towards economic generation and employment growth and comprehensive social security. The critics and the opposition parties of the government are not wholly enormous when they point out that in the face of labour-friendly enactments, these laws proved to be draconian for any labour movement. These critics however, fail to dream like Gandhi such a situation where the need for violent labour agitation may not arise at all.

### Conclusion

Under the changing circumstances, the ideals of Gandhi so long regarded as obsolete and too idealistic have suddenly become more relevant. The traditional trade union also are now harping on the theme of unified labour movement and the principle of disassociating labour unions cum political parties. Even the Marxist trade unionists are now insisting that the workers should take an active interest in the well-being of the industry. Gandhi had exactly these things in his agenda and thus his ideas have now acquired a new relevance under the changed circumstances. Gandhi might have had little appeal to the working class of yesteryears, but hisideas have received a fresh tease of life today.[14]

**Reference :**


1. J. B. Kripalani, Gandhi : His life and thought, New Delhi, Publication Division, Ministry of Information and Broadcasting, 1970, p. 78
2. A. S. Mathur and G. S. Mathur (ed), Economic thought of Mahatma Gandhi, Allahabad, 1962, p. XLVII
3. M. K. Gandhi, Hind Swaraj on Indian Home Rule, Ahmedabad, Navajivan Publishing House, 1946, pp. 68-70
4. Buddhadev Bhattacharya, Evolution of the Political Philosophy of Gandhi, Cal, 1969, Chapter-8
5. Young India, 28 July 1920 and 23 March, 1921, Quoted in N. K. Bose, Selection from Gandhi (Ahmedabad, 1957) .
6. D. G. Tendulkar 'Mahatma: Life of Mohandas Karamchand Gandhi', New Delhi, 1961, p. 158
7. Young India, 13 Nov,1924
8. Harijan, 1 Sep, 1946
9. Young India, 8 January, 1925
10. N. K. Bose – Studies of Gandhism, Calcutta. 1962, p. 51
11. S. K. Goel, Gandhian Perspective on Industrial Relations; A study of textile labour Association, Ahmedabad, 1918-46, Delhi, 2002, Chapter 3
12. Based on Prasenjit Mukhopadhyay, Swadhinatar Sat Dasak O Shramajibir Adhikar; Ladai Chalchhe, Chalbe article in Itihas Darpan, year 2, No. 2, 2021 special issue, ed. By Swapan Das pp. 36-44, Dantan, West Midnapore
13. Alok Roy – Labour Law Reform : The Road Ahead article in Law and the Emerging new India (cal. 2020), pp. 15-21
14. Nirban Basu, Gandhi and Indian Labour in Amitaleha Mukherjee (ed) Gandhi : Yesterday and Today (Institute of Historical studies, Kolkata, 1997).

# গণতন্ত্র : রূপ এবং স্বরূপ

**ভবানীপ্রসাদ চট্টোপাধ্যায়**

**■ গণতন্ত্র কাকে বলে?**



গণতন্ত্র একটা বিধি এবং ব্যবস্থা। এটি নানাভাবে ব্যাখ্যাত হয়েছে। এটির রূপ সম্পর্কেও নানা মুনির নানা মত। তবে সাধারণভাবে মনে করা হয় যে যে-রাষ্ট্র পরিচালন ব্যবস্থায় জনগণের একটি উল্লেখযোগ্য ভূমিকা থাকে সেই ব্যবস্থাই হোল গণতন্ত্র। গণতন্ত্র শব্দটি ইংরেজি democracy শব্দের অনুবাদ। Democracy শব্দটি আবার গ্রিক শব্দ demokratia থেকে উদ্ভূত। এই গ্রিক শব্দটির দুই অংশ। একটি হোল demos,—এর অর্থ জনগণ এবং অপরটি হোল kratecin,—এর অর্থ শাসন করা ও kratos বা শক্তি। এই শাব্দিক অর্থ থেকেই গণতন্ত্রের পারিভাষিক অর্থ দাঁড়ায় জনগণের শাসন। মনে হয় এই দৃষ্টিতেই গণতন্ত্রের পারিভাষিক অর্থ দাঁড়ায় জনগণের শাসন। মনে হয় এই দৃষ্টিতেই আব্রাহাম লিঙ্কন গণতন্ত্রকে এইভাবে অভিহিত করেছিলেন—জনগণের, জনগণের দ্বারা এবং জনগণের জন্য প্রতিষ্ঠিত গভর্নমেন্ট। এখানে গভর্নমেন্ট এবং রাষ্ট্র সমার্থবোধক শব্দ।

জনগণের শাসন কথাটি যখন বলা হয় তখন এটি স্পষ্ট হয়ে ওঠে যে গণতন্ত্র রাজতন্ত্রের বিরোধী তো বটেই, তা স্বৈরতন্ত্র এবং একনায়কতন্ত্রেরও বিরোধী। স্বৈরতন্ত্রে একটি গোষ্ঠী রাষ্ট্রক্ষমতা কুক্ষিগত করে রাখে আর একনায়কতন্ত্রে একজন ব্যক্তি রাষ্ট্রের সর্বময় কর্তা হয়ে ওঠে। গণতন্ত্রে যেহেতু জনগণের ইচ্ছাই প্রাধান্য লাভ করে সেই হেতু সেখানে রাষ্ট্রের কর্ম সম্পাদনে জনগণের পক্ষে কথা বলবার লোক অতিমাত্রায় সোচ্চার হয়ে ওঠে। এজন্য পরিহাস করে অথবা ব্যঙ্গ করে এমারসন বলেছিলেন, গণতন্ত্র হয়ে দাঁড়ায় পত্রিকাগুলির সম্পাদকদের দ্বারা উত্তেজিত ভাড়াটে গুণ্ডাদের গভর্নমেন্ট (Democracy becomes a government of bullies temperaed by editors)। পক্ষান্তরে



স্টুয়ার্ট মিল বলেছিলেন, জনগণের কাছে ক্ষমতা থাকবে এই জন্য নয় যে তারা শাসন করবে, বরং এই জন্যই যে তারা যেন অপশাসিত না হয়।

এইখানে দুটি কথা ব্যাখ্যার অপেক্ষা রাখে। একটি হোল জনগণ কী এবং অন্যটি ক্ষমতা বা শাসন বলকে কী বোঝায়? গণতন্ত্র শব্দটি যেমন ইংরাজি শব্দ democracy-র অর্থে ব্যবহার করা হয় তেমনি 'জনগণ' শব্দটিও ইংরাজি people শব্দের অনুবাদরূপে প্রয়োগ করা হয়ে থাকে। এটি ল্যাটিন ভাষার population শব্দের অপভ্রংশ। প্রায় একই উদ্দেশ্যে ইটালি ভাষায় popolo, পুরাতন ফরাসি ভাষায় people এবং জার্মান ভাষায় peuple শব্দগুলি প্রয়োগ করা হয়ে থাকে। এর উল্লেখ এই অন্য করা হোল যে রাষ্ট্রনৈতিক পটভূমিতে people বা জনগণ কথাটি একটি মাত্র বস্তুকে নির্দিষ্ট করে না। বস্তুত জনগণ বলতে সমগ্র জনগোষ্ঠী (organic whole), সমগ্র জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত ব্যষ্টি (everybody), নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ (absolute majority) এবং সীমিত গরিষ্ঠতা (limited majority)-কেও বোঝায়। সুতরাং জনগণের রাজ যখন বলা হয় তখন ঠিক কোন্ অর্থে জনগণ শব্দটি ব্যবহার করা হচ্ছে তা বুঝে নেওয়া দরকার হয়ে পড়ে। যেহেতু সমগ্র জনগোষ্ঠীর রাজ এবং ব্যষ্টির একক রাজ বাস্তবোচিত নয় সেই হেতু গণতন্ত্রে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার রাজকে বরণীয় বলে মেনে নেওয়া হয় এবং তা কার্যক্ষেত্রে সীমিত গরিষ্ঠতার রাজকে বরণীয় বলে মেনে নেওয়া হয় এবং তা কার্যক্ষেত্রে সীমিত গরিষ্ঠতার রাজেই পরিণত হয়ে যায়। সপ্তদশ শতাব্দীতে ইংলন্ডে ইউটিলিটিয়ান মতবাদের প্রবক্তা ফ্রান্সিস হাচিসন এবং জেরিসি বেন্থাম জনগণের এই প্রকৃত স্বরূপ লক্ষ্য করেই রাষ্ট্র শাসনে 'অধিকতম লোকের প্রভূততম কল্যাণের' আদর্শ তুলে ধরেছিলেন। গণতন্ত্রে এই আদর্শটিই স্বীকৃত হয়ে আসছে।

শাসন কথাটি বিশেষ্য এবং ক্রিয়াবদ দুভাবেই ব্যবহার করা হয়। বিশেষ্য পদরূপে ব্যবহৃত শাসন কথাটি একটি সাংগঠনিক অবস্থাকে সূচিত করে। দৃষ্টান্তস্বরূপ, জনগণের শাসন বলতে সেই গণতান্ত্রিক অবস্থাকে বোঝানো হয় যেখানে রাষ্ট্র পরিচালনায় জনগণের কর্তৃত্ব প্রধান। আর ক্রিয়াপদরূপে শাসন শব্দটি সেই শক্তিকে বোঝায় যা শাস্তিদানের ভীতি প্রদর্শন করে আপন কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। দৃষ্টান্তস্বরূপ, গণতন্ত্রে সংখ্যালঘু সংখ্যাগরিষ্ঠকে শাসন করবে না এই কথা বলার অর্থ সংখ্যালঘুর হাতে সংখ্যাগরিষ্ঠকে শাস্তিদানের অধিকার থাকবে না। প্রকৃতপক্ষে রাষ্ট্র হোল কর্তৃত্বের (power) কেন্দ্র এবং শাসন বা ক্ষমতার অর্থ হোল কর্মক্ষমতা (ability)। গণতান্ত্রিক ব্যবস্থায় কর্তৃত্বের অধিকার কোন ব্যক্তি বিশেষের কাছে থাকে না। তা থাকে জনগণের হাতে। জনগণ সেই অধিকার কোন্ অবস্থায়, কীভাবে এবং কতটা পরিমাণে প্রয়োগ করবে তার উপরেই নির্ভর করবে গণতন্ত্রের সাফল্য।

## ■ গণতন্ত্রের প্রয়োগ এবং প্রতিষ্ঠা



খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দীতে এথেন্সে যে রাষ্ট্র ব্যবস্থা প্রচলিত ছিল সেটিকে গণতন্ত্রের প্রাচীনতম নিদর্শন বলে গণ্য করা হয়েছে। এথেন্সীয় ব্যবস্থায় একদিকে যেমন দাসপ্রথার প্রচলন এবং কায়িক শ্রমকে অমর্যাদা করা হয়েছিল তেমনি রাষ্ট্র সঞ্চালনে অবসরভোগীদের নিয়োগ এবং সমষ্টির মধ্যে ব্যষ্টিকে সম্পূর্ণরূপে বিলীন করাও হয়েছিল। রাষ্ট্র বলতে তখন বিরাটাকায় কোন সংগঠনকে বোঝাত না। বস্তুত গ্রিক এবং রোমে যে ছোট ছোট নগর তখন গড়ে উঠেছিল তাকেই রাষ্ট্র বলে মনে করা হোত এবং সেই রাষ্ট্রের কাজকর্ম জনগণ নিজেরাই পরিচালনা করত। প্রতিনিধিদের মাধ্যমে তা করার প্রয়োজন তখন ছিল না। সেইজন্য সেই ব্যবস্থায় সংখ্যাগুরুর ইচ্ছাকেই জনগণের ইচ্ছা বলে মেনে নিলেও সেখানে এক ধরনের প্রত্যক্ষ গণতন্ত্রের প্রচলন হয়েছিল। প্রাচীন ভারতবর্ষেও ছোট ছোট 'গণ' বা সংঘ ছিল। এগুলি ছিল ক্ষত্রিয়কুলের স্বয়ংশাসিত আভিজাতিক সাধারণতন্ত্র বা রিপাবলিক। কোথাও কোথাও এগুলির মাথায় রাজা থাকলেও এখানে শাসন ক্ষমতার মুখ্য অধিকারী হতেন সমাজের জ্যেষ্ঠগণের পরিষদ এবং তাঁরাই সরাসরি রাজ্য পরিচালনা করতেন।

এই অবস্থার এক দিন অবসান হয়। সমাজ বড়

হতে থাকে এবং মানুষও সমাজিক কাজকর্রে ঝামেলা থেকে মুক্ত থাকার আশায় সব কিছু দায় দায়িত্ব কোন একজনের কাছে ন্যস্ত করে নিশ্চিন্ত হতে চায়। রুশো বলেছিলেন, প্রকৃতি মানুষকে সুখী এবং সৎ করেই গড়েছিল। কিন্তু সমাজ তাকে দুর্নীতিপরায়ণ ও দুর্দশাগ্রস্ত করেছে। কথাটির তাৎপর্য হোল এই যে যেহেতু সমাজ ছাড়া মানুষের চলে না সেইহেতু মানুষের স্বাভাবিক প্রবণতা সমাজ গঠনের দিকে এবং সমাজ গঠন করতে গিয়েই মানুষ তার নিজস্ব স্বাধীনতা কিছুটা সমাজের কাছে বিসর্জন দেয়। বস্তুত সমাজবদ্ধ মানুষের অনিয়ন্ত্রিত স্বাধীনতা স্বেচ্ছাচারিতা হয়ে দাঁড়ায় আর তাই তাকে দমন করার অধিকার রাষ্ট্রের হাতে থাকে। এই অধিকারের রন্ধ্র পথে অধিকারের অপব্যবহার হয় এবং তারই ফলিত রূপ হিসেবে দুর্নীতি ও অপশাসন দেখা দেয়। রুশো তাই বলেছিলেন যে শাসনশক্তির কর্মের সংখ্যা যত কম হয় শাসন ততই উৎকৃষ্ট হয়। রুশোর এই কথার সঙ্গে থোরোর সেই বিখ্যাত উক্তি—সেই শাসনই সর্বশ্রেষ্ঠ যা ন্যূনতম শাসন করে—তার মিল খুঁজে পাওয়া যায়। কিন্তু শাসনেরও একটি নিজস্ব গতি আছে। একটি প্রকৃতি আছে। শাসনের গতি এবং প্রকৃতি নিজেকে সুসংগঠিত করতে চায়। তাই সমাজ যখন আকারে বড় হতে আরম্ভ করে, শাসন কাজের জটিলতা যখন বৃদ্ধি পেতে শুরু করে তখন মানুষের নিশ্চিন্ত জীবনের আকাঙ্ক্ষা প্রাচীনকালের প্রত্যক্ষ গণতন্ত্রের স্থানে রাজতন্ত্রের প্রতিষ্ঠা করে। রাজাই হয়ে ওঠেন রাজ্য। তিনি রাজত্ব এবং প্রশাসনের শেষ কথা বলার মালিক। কিন্তু রাজা কেমন হবেন? তিনি তো দণ্ডমুণ্ডের কর্তা হয়ে স্বেচ্ছাচারী হতে পারেন। অনেকে তাই হয়েছেন। অতএব রাজার চরিত্র ঠিক করে দেওয়া দরকার। প্লেটো সেই চেষ্টা করেছিলেন। তিনি বলেছিলেন, যতক্ষণ না দার্শনিকরা রাজা হচ্ছেন অথবা এই পৃথিবীতে রাজা এবং রাজপুত্ররা দর্শনের শক্তিকে অধিগত করছেন; যতদিন না কোন একজনের মধ্যে রাজনৈতিক মহত্ত্ব ও বিচক্ষণতা সংবদ্ধ হচ্ছে ততদিন সমাজ দুষ্ট জনের হাত থেকে মুক্তি পাবে না। বস্তুত প্লেটো ছিলেন অসংগত, অযৌক্তিক, চপল গণতন্ত্রের বিরোধী। তিনি মনে করেছিলেন যে দার্শনিকরা নন, যাঁরা জ্ঞানকে ভালবাসেন তাঁরা নন বরং যাঁরা দর্শন বা জ্ঞানকে আচরণ করেন তাঁরাই গণতন্ত্রের অনুগামী হতে পারেন। এরিস্টটল আর এক ধাপ এগিয়ে গিয়েছিলেন। প্রাচীন সমাজ ব্যবস্থায় অনুসৃত স্বাধীনতার মৃত্যু দেখে তাঁর মনে হয়েছিল যে গণতন্ত্র কেবল বহুজনের শাসন নয়, তা হোল দরিদ্রজনের শাসন। মনে রাখা দরকার যে দরিদ্রজনের শাসন এবং দরিদ্রজনের পক্ষের শাসন এক জিনিস নয়। তাই এরিস্টটল বলেছিলেন যে প্রাচীন গণতন্ত্রে সকল নাগরিক শাসন কাজ পরিচালন করতেন আর তার অর্থ হোল সকলে পালাক্রমে শাসন করতেন এবং শাসিত হতেন।

প্রকৃত ক্ষেত্রে দার্শনিকরা রাজা হলেন না অথবা যাঁরা রাজা হলেন তাঁরা দর্শন বা জ্ঞানকে আপন আচরণে প্রতিষ্ঠিত করলেন না; ছোট ছোট প্রজাতন্ত্রে সকলের শাসন করার দিন শেষ হয়ে গেল। এবং কালক্রমে রাজাও জনগণের কাছে অসহ্য হয়ে উঠলেন। রাজার বিরুদ্ধে বিদ্রোহ দেখা দিল। আধুনিককালে এই বিদ্রোহের মধ্য দিয়ে গণতন্ত্র রূপ পরিগ্রহ করল। এই দিক থেকে ক্রমওয়েলকে পথিকৃৎ বলে মনে করা হয়। তিনি সপ্তদশ শতাব্দীতে ইংলণ্ডে রাজার বিরুদ্ধাচারণ করে পার্লামেন্টকে প্রাধান্য দিয়েছিলেন। যদিও গণতন্ত্রের আদর্শের অপেক্ষা পিউরিট্যান মতবাদ (অর্থাৎ চার্চকে বিলাস বাহুল্য থেকে মুক্ত করার আন্দোলন) তার প্রতি তাঁর আনুগত্য বেশি ছিল এবং তিনি কয়েকবার পার্লামেন্ট ভেঙে দিয়েছিলেন তবু একথা ঠিক যে তিনি নিজে রাজা হতে চাননি এবং ইংলন্ডে রাজতন্ত্র ফিরে আসতে দেননি। তাঁরও আগে ইংলন্ডে 'ম্যাগনা কার্টা' সনদ গ্রহণ করে গণতন্ত্রের পথ প্রশস্ত করা হয়েছিল। কিন্তু এই সবই ছিল স্বৈরতন্ত্রী রাজাদের হাত থেকে অভিজাত শ্রেণীর মানুষদের ক্ষমতা লাভের প্রয়াস। তারপর ঊনবিংশ শতাব্দীর ত্রিশ দশকে ইংলন্ডে সংঘটিত চার্টিট আন্দোলন গণতন্ত্রের ভিতকে আরও পাকা করে দেয়। এই আন্দোলনের লক্ষ্য ছিল—১) সবার ভোটাধিকার, ২) সব জেলার সমান নির্বাচনী ক্ষমতা, ৩) পার্লামেন্টে প্রতিনিধি নির্বাচিত হবার জন্য সম্পত্তির মালিক হবার বিধান বাতিল, ৪) বাৎসরিক পার্লামেন্ট, ৫) ব্যালটের মাধ্যমে ভোট এবং ৬)

পার্লামেন্টের প্রতিনিধিদের ভাতা। এই সঙ্গে ফরাসি বিপ্লবের কথাও স্মরণ করতে হবে। স্বাধীনতা, সাম্য এবং ভ্রাতৃত্বের আদর্শ নিয়ে এই আন্দোলন শুরু হয়েছিল। কিন্তু সেই আদর্শ মূর্ত হয়নি। যাই হোক, এইসব প্রয়াস এবং আন্দোলন গণতন্ত্রের আদর্শকে তুলে ধরেছিল এবং সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার কাজ কোন কোন দেশে শুরু হয়ে গিয়েছিল। তখন থেকেই রাজনৈতিক চিন্তায় গণতন্ত্র একটি বিকল্প ব্যবস্থা বলে স্বীকৃত হয়েছিল।

### ■ গণতন্ত্রের লক্ষ্য এবং চরিত্র



রাজতন্ত্র, স্বৈরতন্ত্র (বা একনায়কতন্ত্র) এবং গণতন্ত্র— এই তিনটি রাষ্ট্র পদ্ধতির মধ্যে গণতন্ত্র যে বহুজনপ্রিয় তাতে কোন সন্দেহ নেই। প্রাচীনকালে প্রত্যক্ষ গণতন্ত্রের এক ধরনের প্রকাশ ঘটেছিল। আবার আধুনিক কালে পার্লামেন্টারি প্রথার প্রচলনের মধ্য দিয়ে প্রাতিনিধিক (সংসদীয়) গণতন্ত্র অনুসৃত হচ্ছে। প্রাতিনিধিক গণতন্ত্রেরও দুটি রূপ লক্ষ্য করা যায়। একটি হোল মন্ত্রী পরিষদ গঠনের মধ্য দিয়ে দেশ শাসন—ইংলন্ডে এবং ভারতবর্ষে যেমন হয়ে থাকে। অন্যটি হোল রাষ্ট্রপতি পরিচালিত গণতন্ত্র। যেমন আমেরিকায়। প্রত্যক্ষ বা প্রাতিনিধিক গণতন্ত্রই হোক এবং তা মন্ত্রী পরিষদীয় বা রাষ্ট্রপতি ভিত্তিকই হোক গণতন্ত্রের মূল কথা হোল সমাজকে রাষ্ট্রের উপরে স্থান দেওয়া। আরও স্পষ্ট করে বললে বলা যায় যে গণতন্ত্র জনগণকে সেই শক্তি দিতে চায় যে শক্তির দ্বারা তারা শাসকদের পরিবর্তন করতে পারবে। শাসক পরিবর্তন সহিংস আন্দোলনের মধ্য দিয়েও করা যায়। সেই পথ গণতন্ত্রের পথ নয়। কেননা এই ধরনের আন্দোলনে জনগণের সমর্থন যদি থাকেও তবু তাতে জনগণের সক্রিয় যোগ থাকতে পারে না। তাই এই ধরনের আন্দোলনকে গণতান্ত্রিক আখ্যা দেওয়া যায় না। গণতন্ত্রে গরিষ্ঠের শাসন স্বীকৃত এবং তার পরিবর্তনের জন্য জনগণের অধিকারও বাঞ্ছিত। তাই গণতন্ত্রের শর্ত হোল সংখ্যালঘিষ্ঠের সংখ্যাগরিষ্ঠ হবার অবাধ স্বাধীনতা।

এখানে অবাধ স্বাধীনতার অর্থ এই নয় যে সংখ্যা গরিষ্ঠের শাসনের সময় সংখ্যালঘিষ্ঠের কেবল অধিকারণ থাকবে, কোন কর্তব্য থাকবে না। নির্বাচিত হয়ে এবং জনগণের কাছে জবাবদিহি করতে বাধ্য থেকেও সংখ্যাগরিষ্ঠের শাসন যেমন অত্যাচারমূলক হতে পারে তেমনি সংখ্যালঘিষ্ঠরা কেবল আপন অধিকারে প্রমত্ত থেকে কর্তব্যবিমুখও হতে পারে। তার ফলে গণতন্ত্র প্রহসনে পরিণত হয়। বস্তুত প্রাতিনিধিক গণতন্ত্র সংখ্যাগরিষ্ঠের শাসন এবং সংখ্যালঘুর অধিকারের মধ্যে ভারসাম্য রক্ষা করা একটি গুরুত্বপূর্ণ বিষয়। কেননা রাষ্ট্র শাসনে যে 'ক্ষমতা' কথাটি ব্যবহার করা হয় তার দুটি অর্থ। একটি হোল শক্তি (force) এবং অন্যটি প্রাধিকার (authority)। শক্তির দ্বারা দমন করা হয় আর প্রাধিকার প্রয়োগ করে যে কোন কাজ করিয়ে নেওয়া হয়। ক্ষমতার এই দ্বিতীয় অর্থটি গণতান্ত্রিক ব্যবস্থায় সম্পূর্ণরূপে বর্জন করা যায় না। তাই একথা বলা হয়ে থাকে যে গণতন্ত্রে স্বাধীনতা এবং সমানতাকে অনুসরণ করলেও নেতৃত্বের ছিদ্র পথে ক্ষমতা দণ্ডশক্তিকে আশ্রয় করতে পারে। এ জিনিস আগে হয়েছে। আর সেজন্য গণতন্ত্র সমালোচিতও হয়েছে নানাভাবে। প্লেটো মনে করেছিলেন যে গণতন্ত্র অলস ও ইন্দ্রিয়পরায়ণ মানুষদের দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে। বিসমার্ক বলেছিলেন যে গণতন্ত্র হোল 'দর অশ্রুবিগলিত আবেগচ্ছ্বলতা'। রুশো বলেছিলেন যে সব মানুষ যদি দেবতা হোত তবেই গণতান্ত্রিক বিধি প্রচলন করা সম্ভব হোত। ভলটেয়ার মনে করতেন যে জনগণ হোল বলদ, তাদের কাঁধে জোয়াল চালাতেই হবে, গণতন্ত্রে তা হয় না। আধুনিক কালে বার্নাড শ বলেছেন যে জনগণ সরকার পরিবর্তন করতে পারে, কিন্তু শাসনের কাজ তারা করতে পারে না। সুতরাং গণতন্ত্র অচল। তা সত্ত্বেও যেহেতু গণতন্ত্রে নেতৃত্বের অবকাশ আছে সেইহেতু নেতৃত্বকে এক ব্যক্তির কর্তৃত্ব থেকে বাঁচিয়ে যৌথ দায়িত্বে উন্নীত করাই গণতন্ত্রের আদর্শ।

গণতন্ত্রের যে বিরূপ সমালোচনা নানান জনে করেছেন তার মধ্যেই গণতন্ত্রের কাছে প্রত্যাশা পরিস্ফুট হয়েছে। আর সেই প্রত্যাশাই গণতন্ত্রের লক্ষ্য এবং

চারিত্র্যকে তুলে ধরেছে। অর্থাৎ যদি বলা হয় যে অমুকের কাছে অমুক জিনিসটি নেই তাহলে যেমন তার মানে হোল যে অমুক জিনিসটি তার কাছে প্রত্যাশিত ছিল, অর্থাৎ অমুক জিনিসটি থাকাই তার চারিত্রিক লক্ষণ তেমনি গণতন্ত্রের ক্ষেত্রেও এই কথা সত্য। মোদ্দা কথা হোল রাষ্ট্রীয় ক্ষেত্রে গণতন্ত্রের লক্ষ্য হোল—

১) জনপ্রিয় সার্বভৌমতা প্রতিষ্ঠা করা। অর্থাৎ এমন শাসন প্রতিষ্ঠা করা যেখানে প্রত্যেকটি মানুষই থাকবে সার্বভৌম। এর অর্থ প্রত্যেকটি মানুষ হবে সমান। একটি মাথা, একটি ভোট এবং বয়স্ক ভোটাধিকারের স্বীকৃতির মাধ্যমে এই সাম্য তো মেনে নেওয়াই হয়েছে। এবং

২) স্ব-শাসন। অর্থাৎ সবাই যখন সমান তখন কেউ কাউকে শাসন করতে পারে না। এটিও স্বীকৃত মূল্য (value)। সুতরাং গণতন্ত্রের লক্ষ্য হোল চাপিয়ে দেওয়া শাসনকে রহিত করা এবং সমাজে সমতা প্রতিষ্ঠা করা।

### ■ বাস্তবিক গণতন্ত্র



গণতন্ত্রের কয়েকটি রূপভেদ আছে। প্রত্যক্ষ গণতন্ত্র এবং সংসদীয় গণতন্ত্রের কথা উপরে উল্লেখ করা হয়েছে। সংসদীয় গণতন্ত্রও আবার দু'রকমেক—রাষ্ট্রপতি নির্ভর এবং মন্ত্রী পরিষদীয়। এর উল্লেখও উপরে করা হয়েছে। গণতন্ত্রের চরিত্র বিশ্লেষণ করে অনেকে উদারনৈতিক গণতন্ত্রের (Liberal Democracy) কথাও বলে থাকেন। এটি অবশ্যই নতুন কিছু অবস্থাকে বোঝায় না। উদারনীতি সাধারণ ব্যক্তি স্বাধীনতার অধিকারকে বোঝায় এবং গণতন্ত্র সেই স্বাধীনতাকে সামাজিক ক্ষেত্রে প্রযুক্ত করতে চায়। ব্যক্তি এবং সমাজ উভয়ের ক্ষেত্রে স্বাধীনতার অনুসরণ করাকেই উদারনৈতিক গণতন্ত্র আখ্যা দেওয়া হয়। মার্ক্সীয় তত্ত্বে গণতন্ত্রকে আর একভাবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হয়েছে—এই চারটি শ্রেণীর সম্মেলনের মধ্য দিয়ে জনগণের গণতান্ত্রিক একনায়কতন্ত্র (People's democratic dictatorship) গঠিত হয়। একনায়কতন্ত্রের মধ্য কেন্দ্রীকৃত ব্যবস্থার স্বীকৃতি থাকে। মার্ক্সীয় আদর্শে সেটি প্রার্থিত। তাই তাঁরা গণতান্ত্রিক কেন্দ্রীকরণের (democratic centralism) কথা বলে থাকেন। সেটি কী? মাও তার ব্যাখ্যা করে বলেছিলেন, "জনগণের জন্য গণতন্ত্র আর প্রতিক্রিয়াশীলদের উপর একনায়কতন্ত্র হোল জনগণের জন্য গণতান্ত্রিক একনায়কতন্ত্র (people's democratic dictatorship)।" পক্ষান্তরে গান্ধীজি বলেছিলেন, "জনা কুড়ি লোক কেন্দ্রে পদাসীন হয়ে প্রকৃত গণতন্ত্রকে পরিচালিত করতে পারে না। প্রত্যেকটি গ্রামের জনগণের দ্বারা নিচে থেকেই তাকে কার্যান্বিত করতে হবে।" তিনি আরও বলেছিলেন, "গণতন্ত্র এপ্রনের রজ্জু-বন্ধনের (strain of apron strings) পেষণে ভেঙে যাবে। বিশ্বাসের উপরেই এটি টিকে থাকতে পারে।" বলা বাহুল্য, গান্ধীজি মনে করতেন যে গণতন্ত্রকে প্রকৃত করতে যে বিশ্বাসের প্রয়োজন তা ক্ষমতার অধিষ্ঠান থেকে পাওয়া যায় না—কেননা ক্ষমতা তো তার অপব্যবহারের দিকেই মানুষকে টেনে নিয়ে যায়, বিশ্বাস লাভ করা যায় নিঃস্বার্থ সেবা থেকে। তিনি বলেছিলেন, "বিশ্বস্ততার সঙ্গে প্রদত্ত সেবা থেকে প্রাপ্ত ক্ষমতা তাকে মহান করে দেয়। সেবা করবার নামে যে ক্ষমতা চাওয়া হয় এবং কেবল গরিষ্ঠ সংখ্যকের ভোটে যা পাওয়া যায় তা হোল প্রবঞ্চনা এবং ফাঁদ। তাকে পরিহার করা উচিত।" তিনি একথাও বলেছিলেন, "আমি একথা বিশ্বাস করাকে এভাবেই প্রবঞ্চনা বলে মনে করি যে বিরাট সংখ্যক প্রতিনিধিরা কোন কাজ ভালভাবে করতে পারেন অথবা তাঁরা গণতন্ত্রের নীতিকে রক্ষা করতে পারেন। ...গণতন্ত্রকে রক্ষা করতে হলে জনগণের মধ্যে স্বাধীনতার, আত্মসম্মানের এবং একাত্মতার বোধ জাগ্রত থাকা উচিত, জনগণ কেবল উত্তম এবং বিশ্বস্ত (good and true) মানুষদেরই তাঁদের প্রতিনিধিরূপে পাঠাবেন।"

### ■ গণতন্ত্রের সমস্যা



গণতন্ত্র শ্রেয় হলেও তা সম্পূর্ণ ক্রুটিহীন নয়। অবশ্য এটি আদর্শের দিকে নয়, তা হোল রূপায়ণের ক্ষেত্রে। কী সেই ক্রুটি? প্রথমত, গণতান্ত্রিক রাষ্ট্রেও একটি শাসনের কথা মেনে নেওয়া হয়েছে। আর শাসনের

অর্থই তো ব্যক্তির সার্বভৌমত্বকে খর্ব করা, তার স্বাধীনতাকে রাষ্ট্রের আজ্ঞাধীনে সংযত করা। দ্বিতীয়ত, গণতন্ত্রকে জনগণের শাসন বলা হলেও তা প্রত্যক্ষত জনগণের শাসন না হয়ে জনপ্রতিনিধিদের দ্বারা শাসন হয়ে যায়। আর জনগণও তাদের দায় দায়িত্ব প্রতিনিধিদের হাতে সঁপে দিয়ে নিশ্চুপ হয়ে থাকে। ফলে গণতন্ত্রে সর্বত্রই রাষ্ট্র সব কিছু করে দেবে, জনগণের নিজস্ব কিছু করণীয় নেই (ভোট দেওয়া ছাড়া) এইরকম পরিস্থিতির সৃষ্টি হয়। ফলে তার দ্বারা জনপ্রতিনিধিদের সামনে শাসনকে কেন্দ্রীভূত করার প্রলোভন এবং পরিবেশ উন্মুক্ত হয়ে যায়। গণতন্ত্রের এই অবস্থা লক্ষ্য করেই বার্নাড শ বলেছিলেন যে গণতন্ত্র কখনও প্রকৃত হয়নি এবং কোথাও তা সার্থক হয়নি। আর প্লেটো বহু শতাব্দী আগে বলেছিলেন যে গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচনে যিনি দাঁড়াতে অনিচ্ছুক তিনিই শ্রেষ্ঠ প্রার্থী।

বস্তুত গণতন্ত্রের বড় সমস্যা হোল কার্যক্ষেত্রে তা জনতাতন্ত্রে (mobocracy) এবং দলতন্ত্রে (partycracy) পরিণত হয়ে যায়। গণতন্ত্রে আজ যে নির্বাচন পদ্ধতি প্রচলিত তাতে মানুষের মাথা গোণা হয়, মস্তিষ্ক গণ্য করা হয় না। অর্থাৎ নির্বাচন যদি অবাধ হয়ও—যদিও তা হয় না—তবু নির্বাচন ক্ষেত্রের বিরাটত্ব এবং নির্বাচন ব্যয়ের বিপুলত্ব জনগণের কাছে ভোটদানের অতিরিক্ত কোন কিছুর সুযোগ করে দেয় না। জনগণের পক্ষে প্রার্থী নির্বাচন করা সম্ভব হলেও প্রার্থী মনোনয়ন করা অসম্ভব হয়ে ওঠে। এর ফলে জনগণ জনতায় পরিণত হয়ে যায় আর গণতন্ত্রে গণের প্রকৃত যোগ না থাকায় তা জনতাতন্ত্র হয়ে দাঁড়ায়। এটি জানা কথা যে গণতন্ত্র সার্থক হতে পারে একমাত্র সমতার ভিত্তিভূমিতে। সমতা আর্থিক, সামাজিক এবং এমনকি প্রশাসনিক ক্ষেত্রেও হওয়া দরকার। তেমনি অ-মুক্ত জনমত মুক্ত নির্বাচন করতে পারে না। জনগণের বিরাট অংশ যদি প্রকৃত শিক্ষা থেকে বঞ্চিত থাকে এবং তাদের কাছে পাইয়ে দেবার প্রলোভন তুলে ধরা হয় তবে সেই অবস্থায় যে-তন্ত্র প্রতিষ্ঠিত হয় না জনতাতন্ত্র ছাড়া আর কিছুই নয়। অধিকন্তু গণতন্ত্রে গণের কথাই বলা হয়েছে। গণই তার প্রতিনিধি পাঠাবে একথাও মেনে নেওয়া হয়েছে। কিন্তু প্রকৃত ক্ষেত্রে গণ এবং শাসনের মধ্যিখানে দল এসে গিয়েছে। গণতন্ত্রে দল আজ অনিবার্য হয়ে উঠেছে। তারও কারণ হোল নির্বাচন ক্ষেত্রের এবং নির্বাচন ব্যয়ের বিশালতা। এই অবস্থায় নির্বাচন ব্যয় বহন করে দল—তারা সেই অর্থ কীভাবে সংগ্রহ করে তা সহজেই অনুমান করা যায়—এবং ভোটাররা ভোট দেন দলকে—কেননা প্রার্থীকে তাঁরা অনেকেই চেনন না। আরও আছে। গণতন্ত্র মানেই গরিষ্ঠের মত। চূড়ান্ত অবস্থায় তা ৫১ : ৪৯ পর্যায়ে পৌঁছতে পারে। এবং এই একান্নজনের অনেকেই দলীয় হুইপের দ্বারা পরিচালিত হয়। সেই হুইপ হোল দলের নির্দেশ। তাহলেই দেখা যায় যে যাকে গণতন্ত্র বলে মনে করা হয় তা আসলে জনগণের সমর্থনে জনগণের উপর দলের কতিপয় লোকের শাসন। গণতন্ত্রের এইটিই আজ বড় সমস্যা।

### ■ গণতন্ত্রের পথ



গণতান্ত্রিক পথ যে কেবল রাজনৈতিক অর্থাৎ রাষ্ট্রীয় ক্ষেত্রেই প্রযুক্ত হতে পারে তা নয়। যেখানে কোন সিদ্ধান্ত এক অথবা গোষ্ঠীবদ্ধ একাধিক লোকের নির্দেশে গ্রহণ করা হয় না বরং সব কিছুই নির্দিষ্ট হয় জনমত অর্থাৎ যারা ক্ষমতাধিষ্ঠিত নন তাঁদের মতামতকে যাচাই করে তাকেই গণতান্ত্রিক পথ আখ্যা দেওয়া হয়ে থাকে। রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রেও এই কথা সত্য। রাষ্ট্র পরিচালনা কথার সঙ্গেই রাজনীতি কথাটি এসে যায়। অবশ্য রাজনীতি কথার ব্যাখ্যা অনেকভাবে করা হয়ে থাকে। তার মধ্যে সাধারণ সূত্রটি হোল শাসক এবং শাসিতের সম্পর্ক। রাষ্ট্র থাকলেই কিছু লোক রাষ্ট্র পরিচালনার কাজে নিযুক্ত হবেন। তাঁরাই হলেন প্রচলিত অর্থে শাসক। আর জনগণের বাকি অংশ হোল শাসিত। এই দুপক্ষের সম্পর্ক কোন্ নীতি অনুসরণ করে স্থাপিত হবে তাকেই বলা হয় রাজনীতি। রাষ্ট্রনীতি এর অপর নাম। গণতন্ত্রের মধ্যে যতই ন্যূনতা থাক রাষ্ট্রনৈতিক ক্ষেত্রে (অন্য ক্ষেত্রেও অবশ্যই) সেইটিই যে একমাত্র গ্রহণযোগ্য পথ তাতে কোন সন্দেহ নেই। প্রশ্ন হোল, ন্যূনতাকে সংশোধন করে গণতন্ত্রকে প্রকৃত করা

যাবে কী করে! বলা বাহুল্য প্রকৃত বলতে যতদূর সম্ভব সার্থক কথাটাই মনে রাখতে হবে। কেননা একেবারেই নির্দোষ হয়তো কখনই বাস্তব হয়ে উঠবে না।

তা করতে হলে প্রথম যে শর্তটি মেনে নিতে হবে তা হোল রাষ্ট্রের উপর জনগণের নির্ভরতা যতদূর সম্ভব কমিয়ে আনা। রাষ্ট্রই সব কিছু করে দেবে এই মানসিকতার অবসান ঘটিয়ে জনগণ যখন আপন উদ্যমে প্রয়োজনীয় অনেক কিছু করে নিতে শুরু করবে তখনই গণতন্ত্র প্রতিষ্ঠার পথ সুগম হবে। অর্থাৎ জনজীবনে রাষ্ট্রের প্রয়োজনকে কমিয়ে আনতে হবে। রাষ্ট্র তো কিছু প্রয়োজন সিদ্ধ করে থাকে। সেই কাজ তো অসংগঠিত জনতা করতে পারে না। সুতরাং রাষ্ট্রকে সংক্ষিপ্ত করতে হলে তার স্থানে বিকল্প কিছু আনতে হবে। সেই বিকল্প হোল সমাজ। রাষ্ট্র যেখানে সমাজের উপরে বিরাজ করে সেখানে গণতন্ত্র দুর্বল হয়ে পড়ে। তাই সমাজকে রাষ্ট্রের উপরে স্থান দিতে হবে। এর নাম রাষ্ট্রে বিকেন্দ্রীকরণ। বিনোবাজি বলেছিলেন, "গণতান্ত্রিক গভর্নমেন্টের সবচেয়ে বড় বাধা হোল এই যে আমরা সব কিছুর জন্য মুষ্টিমেয় কয়েকজন লোকের উপর নির্ভর করে থাকি। জনগণের জীবন এখন আর তাদের নিজেদের হাতে নেই। কয়েকজন ব্যক্তির কাছে সব ক্ষমতা সমর্পণ করা হয়েছে আর বাকিরা আশা করেন যে গভর্নমেন্ট তাঁদের রক্ষা করবেন। আমি স্থির নিশ্চিত যে যত দিন আমরা রাষ্ট্রের ক্ষমতার দ্বারা নিজেদের ভারাক্রান্ত করব আর মনে করব যে ঐ ক্ষমতাই আমাদের রক্ষাস্থল, ততদিন আমরা নিরাপদহীন থাকব।"

বিনোবাজি বলেছিলেন যে ক্ষমতার কেন্দ্রীকরণের অর্থ হোল নামেই গণতন্ত্র। সুতরাং ক্ষমতাকে আসনচ্যুত করতে হবে। কেমন করে তা করা হবে? বিনোবাজির কথায়—"সব রাজনৈতিক দল এই অনুমান নিয়ে কাজ করেন যে তাঁরা গভর্নমেন্টকে জনগণের মধ্যে পরিবর্তন আনতে কাজে লাগাবেন। তাঁদের আমি সমালোচনা করতে চাই না—তাঁদের দিকে পৃথিবীর জনগণের বিরাট গরিষ্ঠতা রয়েছে। আমাদের সংখ্যা কম। গরিষ্ঠদের নীতি হোল 'ক্ষমতার দ্বারা সেবা'। অন্য দল মনে করেন 'সেবার মাধ্যমে ক্ষমতা'। আমাদের ছোট সর্বোদয় গোষ্ঠীর কথা হোল সেবার মাধ্যমে ক্ষমতার অবসান।"

বস্তুত রাষ্ট্র ক্ষমতার বিকেন্দ্রীকরণের অর্থ হোল সেবার উৎসকে নিচের স্তরে নামিয়ে আনা। ক্ষমতার উৎসকে কেন্দ্রের কাছে বেঁধে রেখে রাজ্য অঞ্চল এবং গ্রাম স্তরে সেবার দায়িত্বকে উচ্ছিষ্টরূপে ছড়িয়ে দেওয়াকে বিকেন্দ্রীকরণ বলে না। এবং তার দ্বারা গণতন্ত্রও প্রতিষ্ঠিত হয় না। তাই গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করতে স্ব-শাসনের আদর্শকেই রূপায়িত করতে হবে। আর ছোট ছোট ইউনিটকে রাজনৈতিক এবং অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী করে গড়ে তুলতে পারলে স্ব-শাসনকে বাস্তব করা সম্ভব। এই দৃষ্টিতেই গান্ধীজি গ্রামস্বরাজের কথা বলেছিলেন। গ্রামস্বরাজে গ্রামই হবে সংক্ষিপ্ততম ইউনিট। এখানকার কাজকর্ম চালাবে সেই ইউনিটের সমস্ত বয়স্কদের দ্বারা নির্বাচিত প্রতিনিধিরা। ছোট ইউনিট হওয়ায় নির্বাচনের প্রার্থীরা স্বভাবতই সকলের পরিচিত হবেন। তাঁদের দলের ছাপের দরকার হবে না। নির্বাচনে ব্যয়ও কম। আর সকল গুরুতর সিদ্ধান্ত গ্রহণ করা হবে সর্বসম্মতি অথবা সর্বানুমতিতে। উচ্চতর স্তরের সংগঠনে নিচের স্তরের সদস্যরা প্রতিনিধি মনোনয়ন করবেন। নিচের স্তরে প্রত্যক্ষ এবং উপরের স্তরগুলিতে পরোক্ষ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্র পরিচালনার একটি পরিকাঠামো যদি গঠন করা যায় তাহলে গণতন্ত্রের অনুশীলন অনেকটা ত্রুটিমুক্ত হতে পারে। হিংসা, অসাম্য এবং উৎকোচ গণতন্ত্রের অনুশীলন অনেকটা ত্রুটিমুক্ত হতে পারে। হিংসা, অসাম্য এবং উৎকোচ গণতন্ত্রের বাধা। অন্যদিকে স্বাধীনতা যেন স্বেচ্ছাচারিতায় পরিণত না হয়ে যায়, ইচ্ছাতন্ত্র (Iaissezfaire) যাতে শোষণকে অনিবার্য না করে এবং নিরূপদ্রব জীবনের আকাঙ্ক্ষার মরীচিকা যাতে মানুষকে জড়যন্ত্রের পর্যায়ে নামিয়ে না আনে তা নিশ্চিত করা গণতন্ত্রের উদ্দেশ্য। ভোটযন্ত্র এই উদ্দেশ্য সিদ্ধ করতে পারে না। একমাত্র গণতান্ত্রিক পথই গণতন্ত্রকে রক্ষা করতে পারে। গান্ধী ভাবনায় গণতন্ত্রের সাধ্য এবং সাধন এইভাবেই বিবৃত হয়েছে।

# কারাবাসের কাহিনী : ১৯৭৫

**জয়প্রকাশ নারায়ণ**

**জুলাই ২১ :**
আমার পৃথিবী এখন আমার চার পাশে এলোমেলো হয়ে ছড়িয়ে আছে। মনে হচ্ছে, আমার জীবদ্দশায় আর এর কোনো গুছোনো-গাছানো রূপ আমি দেখে যেতে পারবো না। হয়তো আমার ভাগনে-ভাগনীরা দেখে যাবে। হয়তো।

আমি চেয়েছিলাম আমাদের গণতন্ত্রের দিগন্তকে প্রসারিত করে যেতে। চেয়েছিলাম দেশের সমস্ত মানুষকে ঘনিষ্ঠভাবে এবং অবরত যুক্ত করে যেতে গণতান্ত্রিক পন্থার সঙ্গে। এর দুটো উপায়। এক, এমন একটা কোনো প্রক্রিয়া থাকা দরকার, যাতে প্রার্থী নির্বাচনের সময়ই জনগণের মতামত যাচাই করার একটা উপায় থাকে। দুই, আর একটি সংগঠন তৈরি করা, যা প্রথমোক্ত উপায়েরই মতন, যার মাধ্যমে দেশের মানুষ তাদের নির্বাচিত প্রতিনিধিদের ক্রিয়াকলাপের ওপর সব সময় নজর রাখতে পারবে এবং সৎ ও শুভ উদ্যম দাবি করবে। বিহারের আন্দোলনের সব রকম উদ্দীপনা ও হৈ চৈ থেকে আমি ছেঁকে নিয়েছিলাম এই দুই বিন্দু নির্যাস। তারপর আজ এখানে আমি গণতন্ত্রের মৃত্যু শিয়রে নিয়ে বসে আছি।

আমার হিসেবে কোথায় ভুল হলো? (আমি বলতে যাচ্ছিলাম 'আমাদের' হিসেব, কিন্তু সেটা ভুল হতো। এই সবটুকু দায়িত্ব আমি নিজে নিতে বাধ্য।) আমি এরকম একটা ভুল ধারণা করেছিলাম যে একটি গণতান্ত্রিক দেশের প্রধানমন্ত্রী যতরকম সম্ভব অসম্ভব আইনের সাহায্যে শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন ভেঙে দেবার চেষ্টা করবেন। কিন্তু তিনি যে গণতন্ত্রকেই ধ্বংস করে স্বৈরাচারের প্রতিষ্ঠা করবেন, তা কল্পনাও করিনি। একথা বিশ্বাসই করতে পারিনি যে, যদিও বা কোনো প্রধানমন্ত্রী এ রকম করতে চান, তা হলেও তাঁর বর্ষীয়ান সহকর্মীরা কিংবা এতদিনের গণতান্ত্রিক ঐতিহ্যবাহী কংগ্রেস দল সেটা মেনে নেবেন। কিন্তু সেই অবিশ্বাস্য ব্যাপারই সম্ভব হলো। যদি কোনো রক্তক্ষয়ী ভাঙচুর কিংবা সশস্ত্র উপায়ে ক্ষমতা দখলের চেষ্টা হতো, তাহলেও না হয় এর যৌক্তিকতা বোঝা যেত। কিন্তু এত শান্তিপূর্ণ আন্দোলনের এই পরিণতি! তা হলে এ দেশের মানুষ তরুণ সমাজ দারিদ্র্য,



বেকারিত্ব আর দুর্নীতির বিরুদ্ধে কীভাবে প্রতিবাদ জানাবে? পরবর্তী সাধারণ নির্বাচনের জন্য চুপচাপ অপেক্ষা করবে? তার মাঝখানেই যদি অবস্থা অসহনীয় হয়ে ওঠে? তখনও কারুর কিছুই করবার থাকবে না? শান্তভাবে ঘাড় গুঁজে বসে থেকে সব কিছু সহ্য করে যাবে? গণতন্ত্র সম্পর্কে শ্রীমতী গান্ধীর ধারণা বোধ হয়তাই : শ্মশানের নীরবতা। এমনকি পরবর্তী নির্বাচনও যদি সুষ্ঠু ও সৎ না হয়? সেজন্য জনতাকে জাগ্রত থেকে সংগঠিত হতে হবে না? আমি মনে করি না, যে-কোনও গণতান্ত্রিক সমাজেই জনগণ তাঁদের দুর্দশা দূর করবার জন্য সম্পূর্ণত এবং একমাত্র নির্বাচনী ফলাফলের ওপরই নির্ভর করে। সব দেশেই প্রতিবাদ, ধর্মঘট, মিছিল, সত্যাগ্রহ প্রভৃতির অধিকার থাকে।

প্রধানমন্ত্রী কীভাবে গণতন্ত্রকে ঘাড় মুচড়ে হত্যা করলেন আর তাঁর স্বৈরাচারী শাসন চাপিয়ে দিলেন—তার প্রতিটি পর্বের কথা বিস্তারিত বলবার দরকার নেই। এই একই প্রধানমন্ত্রী কিছুদিন আগে পর্যন্ত বারবার আমাদের বিরুদ্ধে অভিযোগ করেছেন যে, আমরাই নাকি গণতন্ত্রকে ধ্বংস করে ফ্যাসিবাদ আনতে চাই। এখন দেখা যাচ্ছে সেই প্রধানমন্ত্রী নিজেই গণতন্ত্রকে ধ্বংস করে সেই জায়গায় ফ্যাসিবাদের প্রতিষ্ঠা করে আবার মুখে গণতন্ত্রের কথাই বলছেন। গণতন্ত্রকে রক্ষা করার নামে তিনি নিজের হাতে এর গলা টিপে মারলেন এবং মাটিতে গভীর গর্ত খুঁড়ে মৃতদেহটা সেখানে পুঁতে দিলেন। তিনি ঘোষণা করেননি যে ভারত আর জরুরি অবস্থার আগেকার দিনের সুবিধে ফিরে পেতে পারে না? সুবিধে? এ কথা বলতে লজ্জা হলো না তাঁর? তিনি ভুলে গেছেন, তাঁর দ্বারা আহূত দিল্লিতে যুব কংগ্রেসের সেই (৯ই আগস্ট, ১৯৭৪) জমায়েতের কথা? কী বীভৎস তাণ্ডব হয়েছিল সেদিন! তাঁর মনে আছে ১৯৭৫-এর ৬ মার্চ দেশব্যাপী জনতা মিছিলের কথা (সেদিন বিভিন্ন হিসেবে পাঁচ থেকে দশ লক্ষ লোকের সমাবেশ হয়েছিল)? দিল্লির পুলিশের আই জি নিজে বলেছিলেন, সেদিন একটিও অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আর সেই কলকাতার লজ্জাজনক ঘটনা? যেদিন (১৯৭৫-এর ২ এপ্রিল) ইউনিভারসিটি ইনসটিটিউট হলে আমার একটি সভায় ভাষণ দেবার কথা ছিল কিন্তু আমায় বলতে দেওয়া হয়নি! তারই জবাব হিসেবে, সেই বছরেই ৫ জুন কলকাতার বিশাল পদযাত্রার কথা মনে আছে শ্রীমতী গান্ধীর? সেদিন সকলেই একবাক্যে স্বীকার করেছিল যে ওই রকম একটি বিক্ষুব্ধ শহরে সেটি ছিল একটি অত্যন্ত শান্তিপূর্ণ ঘটনা। জনসভা, মিছিল, হরতাল যদি সম্পূর্ণ সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ হয়, তাহলে তাকেও 'সুযোগ নেওয়া' বলা যায় কি না আমি জানি না।

জানি না, যে সমস্ত নারী-পুরুষ এক সময় আমাকেই দেশের একমাত্র 'আশা' বলে ভাবতেন, তাঁরা এখন আমার সম্পর্কে কী ভাবছেন। এই দারুণ দুর্দিন ডেকে আনার জন্য তাঁরা কি আমার প্রতি অভিশাপ বর্ষণ করছেন? তাতে আমি আশ্চর্য হবো না। তাঁরা এমন কথাও বলতে পারেন যে, শ্রীমতী গান্ধীকে চারপাশ দিয়ে ঘিরে ধরার জন্যই তিনি বাধ্য হয়ে এরকম ব্যবস্থা গ্রহণ করেছেন। তবু আশা করবো, অন্তত কিছু লোক, বিশেষত যুব সম্প্রদায় আমার প্রতি, আমার আদর্শের প্রতি বিশ্বস্ত থাকবেন। তাঁরাই ভবিষ্যতের আশা। কবরস্থান থেকে ভারত আবার নতুন করে জন্ম নেবে যতদিনই সময় লাগুক না কেন।

**জুলাই ২২ :**

আমার সব সময়েই মনে হতো, শ্রীমতী গান্ধীর গণতন্ত্রে আন্তরিক বিশ্বাস নেই, তাঁর মধ্যে বরাবরই স্বৈরাচারী হবার ধরনধারণ ছিল। দুঃখের বিষয়, আমার সেই ধারণাটাই সত্যি হলো। মনে আছে, কোনো একটা লেখায় বা ভাষণে আমি আমার এই বিশ্বাসের প্রমাণ হিসেবে শ্রীমতী গান্ধীর জীবনচরিত থেকে (শ্রীমতী উমা বাসুদেবের লেখা) খানিকটা উদ্ধৃতি দিয়েছিলাম। বেচারী লেখিকা তাড়াতাড়ি তখন ব্যাখ্যা করতে এসেছিলেন যে তিনি ঠিক ঐ মর্মে কথাগুলি লেখেননি। তাতে অবশ্য আমার বিশ্বাস বদলায়নি।

তবু আমার ভুলটা হলো কোথায়? পরবর্তী ঘটনায়

প্রমাণিত হয়েছে যে আমার ভুল হয়েছে একটি ভুল ধারণাকে আঁকড়ে থাকা। ভেবেছিলাম, শ্রীমতী গান্ধীর যতই স্বৈরাচারী হবার দিকে ঝোঁক থাকুক, শেষ পর্যন্ত তিনি তা হতে পারবেন না। ভেবেছিলাম, জনগণ কিছুতেই তা হতে দেবে না এবং শ্রীমতী গান্ধীরও শেষ পর্যন্ত যাবার সাহস হবে না। এবং কালকে যা লিখেছি, কংগ্রেস দলও যে এটা হতে দেবে, তাও ভাবিনি। এখন দেখছি, আমারই ভুল। যদিও, আমি এখনো মনে করি, জনতার প্রতিরোধ আস্তে আস্তে বেড়ে একদিন দারুণ শক্তিশালী হয়ে উঠবে। কিছু সময় তো লাগবেই। লোকেরা এখন বিমূঢ় হয়ে আছে, এবং নেতারা সবাই যেহেতু জেলে, তাই কর্মপন্থা খুঁজে পাচ্ছে না। কিন্তু নতুন নেতা তৈরি হবে। যাঁদের কথা কাল আমি উল্লেখ করেছি, তাঁদের মধ্য থেকে একদল নতুন নেতা এগিয়ে এসে আন্দোলনকে চলিষ্ণু রাখবে।

কংগ্রেস দল যে কী করে এমন মেরুদণ্ডহীন হয়ে গেল, তা আমি কিছুতেই বুঝতে পারছি না। অবশ্য কংগ্রেস দলে বেশ কিছু কম্যুনিস্ট ছদ্মবেশে আছে। তারা শ্রীমতী গান্ধীর সঙ্গে পায়ে পা মিলিয়ে চলবে। তারা বরাবরই গণতন্ত্রের শত্রু। এদের পেছনে আছে দক্ষিণপন্থী সিপিআই, আবার তাদের পেছনে সোভিয়েট রাশিয়া। রাশিয়া তো শ্রীমতী গান্ধীকে সবরকম মদত জুগিয়ে যাচ্ছে। কারণ, শ্রীমতী গান্ধী যতই এই পথে এগোবেন, ততই এ-দেশের ওপর রাশিয়ার প্রভাব আরও জোরালো হবে। এমন সময় আসতে পারে, যখন সিপিআই আর তাঁদের ট্রয়ের ঘোড়াগুলির সাহায্যে রাশিয়া শ্রীমতী গান্ধীকে নিঙড়ে সবটুকু রস বার করে নিয়ে তারপর ছুঁড়ে ফেলে দেবে ইতিহাসের আস্তাকুঁড়ে আর তাঁর জায়গায় বসিয়ে দেবে একজন নিজস্ব লোককে।

হয়তো শ্রীমতী গান্ধী নিজেই এখন রাশিয়ার নির্বাচিতা। কিন্তু তিনি ক্ষমতা ভালোবাসেন এবং সহজে এখান থেকে হঠে যাবেন না। তবু এমন একদিন আসতে পারে, নিশ্চয়ই আসবে আমি বিশ্বাস করি, যখন তাঁর প্রয়োজনীয়তাটুকু ফুরিয়ে যাবে এবং তখন আরও বেশি গাঢ় কম্যুনিস্ট রঙে ছোপানো কেউ, যে আরও বেশি কর্তা-ভজা হতে চাইবে, তাকেই গদিতে বসানো হবে। সেই সময় শ্রীমতী গান্ধী বুঝবেন, তিনি অসহায়। আমি বলছি না এই রকমটাই অবশ্যম্ভাবী। হয়তো জনতার উত্থান হবে। হয়তো সেনাবাহিনী এই অবস্থার প্রতিবাদে এগিয়ে এসে ক্ষমতা দখল করবে। আরও অন্যান্য সম্ভাবনাও থাকতে পারে।

কিন্তু যাঁরা খাঁটি কংগ্রেসী, তাঁদের কী অবস্থা? তাঁরা কেন বিনা প্রতিবাদে সব মেনে নিচ্ছেন? তাহলে কি ধরে নিতে হবে যে খাঁটি কংগ্রেসীর সংখ্যা খুবই কম? চন্দ্রশেখর ও রামধনের গ্রেফতার ও অন্যান্য তরুণ তুর্কীদের বহিষ্কারের পর কংগ্রেস দলে কি প্রতিবাদ করার মতন আর কেউ রইলেন না। বাকিরা সবাই জো-হুজুরের দল। কোনো আদর্শ নেই, আছে শুধু স্বার্থ! শ্রীমতী গান্ধী তাঁদের কিছুদিন ব্যবহার করবেন, তারপর গলাধাক্কা দিয়ে তাড়িয়ে দেবেন। কিন্তু জগজীবন রাম, চবন, শরণ সিং-এর মতন প্রবীণ নেতাদেরই বা কি অবস্থা? আমি বিশ্বাস করি না, শ্রীমতী গান্ধীর মতন এঁরাও গণতন্ত্রের শত্রু। হয়তো এঁরাও সাহস পাচ্ছেন না কিংবা মন্ত্রিত্ব খুইয়ে জেলে যাবার ঝুঁকি নিতে চান না। অথবা ওঁরা সময়ক্ষেপ করছেন। আমি ঠিক জানি না। এছাড়া আর একটাও ব্যাপার আছে, এঁরা নিজেরাও পরস্পর বিচ্ছিন্ন। যাই হোক, এঁদের এই নীরব আনুগত্য দেখে আমি বড় দুঃখ পেয়েছি।

ভারতও যদি শেষপর্যন্ত পাকিস্তান না বাংলাদেশ হয়—সে যে কতখানি লজ্জা! ঐ দুটি দেশে তো গান্ধী, নেহরু, প্যাটেল, রাজেন্দ্রপ্রসাদ, মৌলানা আজাদ বা রাজাগোপালাচারির মতন নেতা ছিলেন না। এঁদের সম্মিলিত কীর্তি কি ছাই হয়ে মিশে যাবে? তা বিশ্বাস করা বড় শক্ত। সেইজন্যই কাল আমি লিখেছি যে ভারতীয় গণতন্ত্র কবর থেকে আবার জেগে উঠবে।

**জুলাই ২৫ :**

গত দু'দিন কিছু লিখতে ইচ্ছে করেনি। ভারতীয় গণতন্ত্রের কফিনে যে নতুন নতুন পেরেক গাঁথা হচ্ছে

তার প্রতিটিই আমার মর্মে বিঁধে যাচ্ছে। আমি নিজের মত তন্নতন্ন করে খুঁজে দেখেছি এবং একথা আমি সত্য করে বলতে পারি, এখন যদি আমি মরি, তাতে কোনো দুঃখ নেই। নিজের মৃত্যুশয্যার পাশে প্রিয়জনের মুখগুলি দেখতে কে না চায়। কিন্তু অনেকদিন আগেই আমি নিঃসঙ্গ মৃত্যুর জন্য আমার মনকে প্রস্তুত করে রেখেছি। কিন্তু আমাদের গণতন্ত্রকে ঘিরে যে মৃত্যুবেড়ি দিন দিন আরও নিবিড় হয়ে আসছে, তার জন্যই আমার মন শোকার্ত। সারাজীবন কি এরই জন্য যুদ্ধ করেছি, এরই জন্য পরিশ্রম করছি? আমার এই মর্মপীড়ার জন্যই আমার অসুখ সারছে না। আজ সকালে ই সি জি করে আবার অনিয়মিত হৃৎস্পন্দনের লক্ষণ দেখা গেল এবং আবার আমাকে ঘুম-পাড়ানি ওষুধ দিয়ে রাখা হচ্ছে।

রাজা (রাজেশ্বর প্রসাদ, জে পি'র ছোট ভাই, বোম্বাইতে থাকেন) কাল এসেছিল। তারপর এলো তারকুণ্ডের (বোম্বাই হাইকোর্টের প্রাক্তন বিচারপতি, বর্তমানে সুপ্রিম কোর্টের প্রবীণ আইনজীবী, এককালে মানবেন্দ্রনাথ রায়ের সহকর্মী) সহকারী বিমল দাভে। রাজা সুপ্রিম কোর্টে আমাকে এইভাবে নির্জন সেলে রাখার বিরুদ্ধে একটা দরখাস্ত করছে এবং চাইছে যাতে আমাকে কোনো পছন্দসই সঙ্গী দেওয়া হয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে আমার বিহারে বা তার কাছাকাছি কোনো জেলে স্থানান্তরের আবেদন বিষয়ে আমি শ্রীযুক্ত দাভের সঙ্গে কথা বললাম। চণ্ডীগড় বড় দূর। কলকাতা থেকে এসেছেন লালবাবু (জে পি'র লোকান্তরিতা সহধর্মিণী প্রভাবতী দেবীর ভাই শিবনাথ প্রসাদের ডাকনাম), রাজা এসেছে বোম্বাই থেকে—দু'জনকেই আসতে হয়েছে কত দূর থেকে। আমি বাবুনিকে (জে পি'র ছোট বোন) একটু দেখতে চাই, সেও আমায় দেখতে চায়। কিন্তু পাটনা থেকে এতদূরে আসাও তো কম ঝামেলা নয়।

আজ আর কিছু লিখতে ভালো লাগছে না। হয়তো কাল মেজাজটা একটু পাল্টাবে, হয়তো আরও কিছু লেখার ইচ্ছে হবে।

**জুলাই ২৬ :**

আজ আমার বন্দীজীবনের এক মাস পূর্ণ হলো। এই মাসটা যেন এক বছরের মতন দীর্ঘ মনে হচ্ছে। প্রায় তিরিশ বছর ধরে আমার আর জেলে যাওয়া অভ্যেস নেই তো। সঠিক বলতে গেলে ঊনত্রিশ বছর। ইন্দিরাজির শাসনকাল হয়তো অনেক কাজ বা অকাজের জন্য স্মরণীয় হয়ে থাকবে—তবে এঁর সবচেয়ে স্মরণীয় কীর্তি গণতন্ত্রের হত্যা। যদিও আমার কাছে সবচেয়ে স্মরণীয় (আর যে-কটা মাস বা বছর আমি বেঁচে আছি) এই যে, স্বাধীন ভারতবর্ষের এই শাসনকালটিতেই আমার অভিজ্ঞতা হলো টিয়ার গ্যাস, লাঠির ঘা (সি আর পি'র) আর কারাবাসের। ব্রিটিশ আমলে ব্যক্তিগতভাবে আমি লাঠির ঘা বা টিয়ার গ্যাস খাইনি। এবং ১৯৪৬ সালে আগ্রা সেন্ট্রাল জেল থেকে মুক্তি পাবার পর আর আমার গ্রেফতার বা কারাদণ্ডও হয়নি। এই এক মাসটাকে এক বছর মনে হবার আর একটা কারণ, নিশ্চয়ই আমার নিঃসঙ্গতা। অন্য রাজবন্দীদের সঙ্গ পেলেও একটু ভালো লাগতো।

অবশ্য, আজ আমি শুধু একথা লেখবার জন্যই বসিনি। আরো অনেক জরুরি কথা আছে। যদিও আমি এর পর যে কথা বলতে যাচ্ছি, প্রত্যেক চিন্তাশীল ভারতবাসীই নিশ্চয়ই সেই সিদ্ধান্তে এসেছেন।

প্রধানমন্ত্রীকে লেখা আমার চিঠি (২১ জুলাই লিখিত) এবং পরবর্তী দু'দিনের নোট থেকে মনে হতে পারে যে, প্রধানমন্ত্রী হিসেবে তাঁর আসনটি টলে যাবার উপক্রম হতেই তিনি এমন কাণ্ডটি করলেন। আসলে ঐ উপলক্ষে সময়টি নির্ধারিত হয়েছিল। এবং আমার দৃঢ় বিশ্বাস, ইন্দিরাজি, তাঁর দলের ছদ্মবেশী কম্যুনিস্টরা এবং সিপিআই এবং এঁদের সকলের আড়ালে সোভিয়েট চরেরা নিশ্চয়ই একটি বিস্তারিত পরিকল্পনা তৈরি করেছিল। পরিকল্পনাটা হচ্ছে, ২৫ জুনের আগে পর্যন্ত আমাদের দেশে যে গণতান্ত্রিক কাঠামোটি ছিল সেটা বদলে একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা। প্রধানমন্ত্রী, কংগ্রেস দলে কম্যুনিস্টদের খড়ের পুতুল আর কম্যুনিস্ট—এই তিন দলের কাছেই গণতন্ত্র একটা

অবাঞ্ছিত ব্যাপার—এবং বেশ কয়েক বছর ধরেই তাঁরা এর পরিবর্তনের কয়েকটি ধাপ ঠিক করে রেখেছেন—প্রথমে 'সমাজবাদী গণতন্ত্র', তারপর রাশিয়ার শিক্ষামতন নগ্ন কম্যুনিস্ট দলের শাসন।

পরিকল্পনা নিশ্চয়ই একটার বদলে দুটো। প্রথমটিতে, ইন্দিরাজিই শীর্ষস্থানে এবং তাঁকে বোঝানো হয়েছে যেন পরিকল্পনাটি তাঁরই নিজস্ব। এতে ইন্দিরাজিরই আমৃত্যু শীর্ষস্থানে থাকবার কথা। অন্য পরিকল্পনাটি রাশিয়ার, যদিও সিপিআই-কে বোঝানো হয়েছে যে, সেটির জন্ম হয়েছে তাঁদেরই উর্বর মস্তিষ্ক থেকে। দ্বিতীয়টির কথা ইন্দিরাজি ঠিক জানতেন না, হয়তো কিছুটা গন্ধ পেয়েছিলেন। কংগ্রেস দলের মধ্যকার কম্যুনিস্ট-ঘেঁষারাও অনেকে এটা জানতেন না, শুধু জানতেন কয়েকজন, যাঁরা সোভিয়েটের নিতান্ত আস্থাভাজন এবং যাঁরা বাইরে কক্ষনো ঘুণাক্ষরেও কম্যুনিস্টদের প্রতি সহানুভূতি দেখান না। এমনকি অনেক সময় তাঁরা সোসালিজমের পিতৃভূমির সমালোচনা বা আক্রমণাত্মক কথাবার্তাও বলেছেন।

'সমাজবাদী গণতন্ত্র' থেকে নগ্ন কম্যুনিস্ট একনায়কতন্ত্রে রূপান্তরের সময়ই দ্বিতীয় পরিকল্পনাটি কাজে লাগানো হতো। সে সময় অনেকের মুণ্ডু লুটোতো ধুলোয়, যদিও সমাজবাদী গণতন্ত্রের আমলেও কথায় কথায় হাতে মাথা কাটার ব্যাপারটা আটকায়নি। কথা হচ্ছে, এই পরিকল্পনা বা দুটো পরিকল্পনাই কি সার্থক হওয়া সম্ভব? আমার সন্দেহ আছে খুব। তবে এখনই হিসেবনিকেশ করার সময় আসেনি। যাই হোক, এ দেশকে আরও কিছুদিন নারকীয় জীবন কাটাতে হবে।

এই দুর্বিপাক এড়াবার কোনো উপায় ছিল কি? এ নিয়ে আমি আগে আলোচনা করেছি, তবু এই প্রশ্নটা রাজা চারলসের মুণ্ডুর মতন বারবার ফিরে ফিরে আসছে। হ্যাঁ, আমরা এটা এড়াতে পারতাম, যদি আমরা মুখ বুজে লক্ষ্মীছেলে হয়ে থাকতাম, খুশী থাকতাম দু-একটা প্রস্তাব গ্রহণ করে কিংবা ওপর মহলে শুধু আবেদন নিবেদন পাঠিয়ে যেতাম। এই কি অনুশাসন পর্বের মর্ম? কি জানি! মনে আছে, আমি যখন সামাজিক ও অর্থনৈতিক অনাচার ও দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন শুরু করলাম, তখন বিনোবাজি আমাকে সরকারের বিরুদ্ধে সোচ্চার হতে নিষেধ করেছিলেন। তাঁর যুক্তি ছিল এই, যখন পাকিস্তানকে আমেরিকা নতুন করে সমরাস্ত্রে সজ্জিত করছে এবং চীনও সাহায্য দিচ্ছে (যত বেশি মুখের কথা, তত বেশি অস্ত্র দিয়ে নয় অবশ্য) সেই সময় দেশের অভ্যন্তরে সরকার-বিরোধী আন্দোলনে দেশকেই দুর্বল করে দেওয়া হবে—সুতরাং সরকার-বিরোধী আন্দোলন সে সময় অনুচিত। আমিও আমার যুক্তি দেখিয়েছিলাম—সর্ব সেরা সঙ্ঘ সেই আলোচনার মুদ্রিত কপি প্রচার করেছেন। ভাবেজি আমার মত মেনে নেননি। আমিও তাঁর যুক্তি মানতে পারিনি। (জে পি এবং ভাবেজির মধ্যে আলোচনা হয় ১৯৭৫-এর ১৪ মার্চ, ওয়ার্ধায়। সেই সময়ই আচার্য ভাবে এক বৎসরের মধ্যে কয়েক মিনিটের জন্য মৌন ভঙ্গ করেছিলেন।)

কিন্তু এখন আমরা কোন্ অবস্থায় আছি? পাকিস্তানের সঙ্গে কোথায় যুদ্ধ লেগেছে? তার বদলে ঘটে গেল পূর্ব পরিকল্পিত, বীভৎসভাবে ভারতীয় গণতন্ত্রের হত্যা। বিনোবাজিকে এর কোনো ইঙ্গিতও দেওয়া হয়নি। আমি জানি না, তিনি এখনও মনে করছেন কিনা যে একনায়কতন্ত্রী স্বৈরাচার একটি স্বাস্থ্যকর ও সুশৃঙ্খল ব্যবস্থা। একি এক পবিত্র আগুন যার মধ্য দিয়ে এই দেশ এবং আমার, মোরারজির, সিদ্ধরাজের (সিদ্ধরাজ ধাড়া, সর্ব সেবা সঙ্ঘের সভাপতি এবং সেই সময় কারারুদ্ধ) মতন কিছু মাথা-গরম লোক কিছুদিন কাটাতে পারলেই ভারত আবার শক্তিশালী হয়ে শত্রুর মোকাবিলা করতে পারবে এবং নৈতিক, জাগতিক ও আত্মিক উন্নতির দিকে ধাপে ধাপে এগিয়ে যাবে?

তাহলে, সবাই যদি শান্তশিষ্ট হয়ে থাকতো, যদি বিরোধীরা, ভ্রান্ত-মস্তিষ্ক সর্বোদয় কর্মীরা, ছাত্ররা এবং যুব সমাজ চুপ করে যেত, অর্থাৎ দেশে নেমে আসতো শ্মশানের স্তব্ধতা—তবেই এ দেশের সব কিছু ঠিকঠাক

হয়ে যেত। কিন্তু সেই গণতন্ত্রের মূল্য কী? গণতন্ত্রে সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক পরিবর্তন আনবার উপায় কী? নির্বাচনই একমাত্র উপায়? নির্বাচন যদি সৎ এবং স্বাধীন না হয়? তাছাড়া এক পক্ষের হাত ও মুখ বাঁধা থাকলে নির্বাচন জেতা যাবেই বা কি করে? অন্যায় এবং অত্যাচারের বিরুদ্ধে লড়াইয়ের উপায় কী? দুর্নীতিপরায়ণ এবং দুঃশাসক সরকারকে কতদিন সহ্য করা হবে? পরবর্তী নির্বাচন এবং তাতে আবার হেরে যাওয়া পর্যন্ত? যদি এই সরকারের মুখোস খুলে না দেওয়া হয়, যদি একে সরিয়ে নতুন সরকার প্রতিষ্ঠার জন্য আন্দোলন না করা হয়, তা হলে ভোটযুদ্ধে জেতবার কোন আশা থাকে কি? এই সমস্ত সমাবেশ, বিক্ষোভ, ধর্মঘট, বন্‌ধ, সত্যাগ্রহ—এসবই গণতন্ত্রের অস্ত্র এবং এর ব্যবহার করা উচিত। ঠিক, এসব করতে হবে শান্তিপূর্ণ এবং সুশৃঙ্খল পদ্ধতিতে—বিশৃঙ্খলা এবং হিংসা গণতন্ত্রের অঙ্গ নয়। কিন্তু বিহারের আন্দোলন অত্যন্ত শান্তিপূর্ণ ও সংযত ছিল। দিল্লির বিক্ষোভ মিছিলও তাই, সাতদিনব্যাপী আইন অমান্য আন্দালন কার্যক্রমও শান্তিপূর্ণ উপায়ে পরিচালনার কথা ছিল। জরুরি অবস্থা ঘোষণার কোনো কারণই ঘটেনি। কোন্‌ কারণে সংবাদপত্রের স্বাধীনতা হরণ, মানুষের মৌলিক অধিকার হরণ, হাজার হাজার গ্রেফতার এবং পর পর সংবিধান সংশোধনের প্রয়োজন হলো? প্রধানমন্ত্রীকে লেখা দীর্ঘ পত্রে আমি এই সব কথা জানিয়েছি।

২৬শে জুনের পর ইন্দিরাজি একটিই কাজ করেছেন। যে-দুটি পরিকল্পনার কথা আমি আগে বললাম, তার প্রথমটি দেশের ওপর চাপিয়ে দিয়েছেন।

**জুলাই ২৭ :**

আজকের দিনটিও বেশ আনন্দের। বাবুনি আর অশোক (জে পি'র বোন বাবুনির ছেলে) এসেছিল। বাবুনিকে ক্লান্ত দেখাচ্ছে—আমার জন্য সে খুব বেশি চিন্তিত। বাবুনি প্রায় ভেঙে পড়ে কেঁদে ফেলতে যাচ্ছিল, তাতে আমিও দুর্বল হয়ে পড়ছিলাম—সুতরাং নিজেকে এবং তাকে সামলাবার জন্য আমি অশোকের সঙ্গে তার ছেলে-মেয়ের সম্পর্কে গল্প জুড়ে দিলাম। তাতে অনেকটা কাজ হলো, বাবুনি নিজেকে বেশ সামলে নিল।

পাটনার বন্ধুবান্ধব, আত্মীয়স্বজনের খবর পেয়ে বেশ ভালো লাগলো। মহিলা চরকা সমিতিরও খবর পেলাম।

আজ আর অন্য কিছু লিখতে ইচ্ছে করছে না।

**আগস্ট ৬ :**

যা আশঙ্কা করেছিলাম, তাই হলো। সুপ্রিম কোর্টের রায় তাঁর বিপক্ষে যাবার সম্ভাবনায় শ্রীমতী তাড়াতাড়ি জন-প্রতিনিধিত্বমূলক আইনের সংশোধন করিয়ে নিলেন। সংবিধানের আরও নির্লজ্জ বদলও হবে মনে হচ্ছে। তিনি নিজেকেই এ দেশের ত্রাতার ভূমিকায় বসিয়ে নিজের আসন দৃঢ় করছেন। এসবও নাকি করা হচ্ছে সংবিধানসম্মত উপায়ে। হিটলারও স্বৈরাচার প্রতিষ্ঠার জন্য গণতান্ত্রিক পদ্ধতির সুযোগ নিয়েছিলেন। ভারতকেও অন্ধকারমুক্ত হবার জন্য সেই রকম নরকে প্রবেশ করতে হবে। এখন মনে হচ্ছে সেটা অবধারিত। তার জন্য যে কত নির্মম মূল্য দিতে হবে! ঈশ্বর এ দেশকে রক্ষা করুন!

**আগস্ট ৭ :**

"আমাদের ধ্বনি সর্বাত্মক বিপ্লব; ভবিষ্যতের ইতিহাস আমরাই সৃষ্টি করবো।" এ-কথা কি এখন ইতিহাসের বিদ্রূপ হয়ে থাকবে? কাপুরুষ, পদলেহী আর জো-হুজুরের দল নিশ্চয়ই এখন আমাদের উদ্দেশ্যে হাসছে। "ওরা বামন হয়ে চাঁদে হাত দিতে গিয়েছিল কিন্তু নরকে ডুবে গেছে" নিশ্চয়ই এসব এখন ওদের ঠাট্টার ভাষা। কিন্তু যারা চাঁদের মতন দুর্লভ কিছু ধরতে চায়, তারাই পৃথিবীতে বড় কাজ করে, নিজের প্রাণ বিসর্জন দিয়েও এমন কি!

সর্বাত্মক বিপ্লবের বদলে এখন দেখছি প্রতি-বিপ্লবের কালো মেঘ আমাদের ঘিরে ফেলেছে।

এখন শেয়াল ও প্যাঁচাদের উৎসবের দিন, চারপাশে শুনছি তাদের বীভৎস উল্লাসের ধ্বনি। কিন্তু রাত্রি যতই আঁধার হোক, এক সময় ভোর আসবেই।

কিন্তু সেই ঊষা কি আসবে এমনি এমনি! আমরা হাত পা মুড়ে নির্জীব হয়ে শুধু প্রতীক্ষায় বসে থাকবো? সামাজিক বিপ্লব যদি প্রাকৃতিক বিবর্তনকেই অনুসরণ করতো, তাহলে পরিবর্তন আনার জন্য মানুষের কিছুই করার থাকতো না। তাহলে এখন আমাদের কর্তব্য কী? উত্তর এই : "যাঁরা বিপ্লবের ধ্বনি ভুলেছিলেন, মুক্তির গান গেয়েছিলেন, তাঁদের নিজেদেরও উৎসর্গ করতে হবে সর্বস্ব। এবং মৃত্যু-বেদীতে অবশ্যই প্রথম চুম্বন করবেন তিনি, যিনি ছিলেন তাদের নেতা।" আর কোনো সংশয়ের কারণ নেই, সিদ্ধান্ত নেওয়া হয়ে গেল। কাল রাত্রে দেবী ভগবতীর কাছে প্রার্থনা করার সময় আমি এই আঁধার থেকে মুক্তির পথের নির্দেশ চেয়েছিলাম। আজ সকালে আমি এই নির্দেশ পেয়েছি। আমার মন এখন শান্ত, সমাহিত।

**জীবন সায়াহ্নে :**

প্রভার (জে পি'র স্ত্রী) মৃত্যুর পর আমি জীবন সম্পর্কে উৎসাহ হারিয়েছিলাম। যদি জনগণের মধ্যে কাজ করার ব্যাপারে আমার একটা আসক্তি না থাকতো, তাহলে নিশ্চয়ই এতদিনে সন্ন্যাস নিতাম হিমালয়ে। ভেতরে ভেতরে আমার মন কাঁদে, কিন্তু বাইরে আমি জীবনের সব কর্তব্য করে যাই। আমার স্বাস্থ্যও ভেঙে পড়ছিল। এই রকম নৈরাশ্যের সময়ে আকস্মিকভাবে একটা কিছু ঘটলো এবং আমার ভেতরটাকে জাগিয়ে দিল। আমার স্বাস্থ্যের আবার উন্নতি হতে লাগলো এবং আমি নতুন করে উৎসাহ-উদ্যম ফিরে পেলাম।

এসব ১৯৭৩-এর শেষের দিকের ঘটনা। আমি তখন পৌনারে, আমার ভেতর থেকে একটা সাড়া জাগলো, মনে হলো যুব সমাজকে আমার কিছু বলার আছে। আমি তাদের উদ্দেশ্যে একটি আবেদন জানালাম এবং সেটা পাঠিয়ে দিলাম সংবাদপত্রে। তার শিরোনামা ছিল 'গণতন্ত্রের জন্য যৌবন'। এই আবেদনের যে বিপুল সাড়া পেলাম, তা আমারও আশাতীত ছিল।

**আগস্ট ১১ :**

আমার আগের সিদ্ধান্তই (আমরণ অনশনের সিদ্ধান্ত, পরে সেটি প্রত্যাহৃত হয়) ঠিক রইলো। চিঠিটা (প্রধামন্ত্রীকে ঐ সিদ্ধান্ত জানিয়ে) পাঠানো হলো না। নিজেই সেটা ছিঁড়ে ফেললাম। সঠিক সময়ের জন্য অপেক্ষা করা যাক, দেখা যাক ঘটনা কোন্ দিকে গড়ায়।

আবার খবরের কাগজ পড়া শুরু করেছি (সংবাদপত্রের ওপর নিষেধাজ্ঞা ও একতরফা প্রচার শুরু হওয়ায় জয়প্রকাশ কিছুদিন খবরের কাগজ পড়া বন্ধ করেছিলেন)। শ্রীমতী গান্ধী এখনও আমাকে আক্রমণ করে এবং হেয় করে চলেছেন। উনি বলছেন, আমি সংসদীয় গণতন্ত্রের বিরোধী, অর্থাৎ আমি যেন একনায়কতন্ত্রে বিশ্বাসী। যত বারই তিনি এবং তাঁর সহকর্মীরা এই কথা বলেন, তাঁরা ভুলে যান যে (১) আমি অনবরত নির্বাচন সংক্রান্ত কিছু সংস্কারের কথা বলে আসছি, যাতে কম খরচে নির্বাচন সমাধা হতে পারে এবং যার দ্বারা আমাদের সংসদীয় গণতন্ত্র আরও বেশি গণতান্ত্রিক হয়; (২) আমি আরও উন্নত ধরনের গণতন্ত্রের সমর্থক, গান্ধীজি যেমন অঞ্চলভিত্তিক গণতন্ত্রের কথা বলেছিলেন—অথবা সেটা যদি বড় বেশি আদর্শভিত্তিক হয় (যা আসলে নয়), তাহলে আমি চাই খানিকটা জার্মানদের 'লিস্ট সিস্টেম' আর আমাদের গরিষ্ঠ সমর্থনের কিছুটা সমন্বয়।

আবার গ্রেফতার হবার মাত্র কয়েক মাস আগে আমি গণতান্ত্রিক নাগরিক সমিতির সভাপতি হিসেবে একটি কমিটি নিয়োগ করেছিলাম। যে কমিটি বিভিন্ন রাজনৈতিক দল, (শাসক কংগ্রেস দল অবশ্য সহযোগিতা করেননি) সমাজ বিজ্ঞানী এবং নির্দল বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে আলোচনা করে বর্তমান প্রথার কিছু পরিবর্তনের সুপারিশ করে। বিরোধী দলের নেতারা সুপারিশটি বিবেচনা করে নিজেরাও কিছু কিছু সংযোজন করেন—তারপর সেটি পাঠানো হয়েছিল সরকার পক্ষের কাছে—কিন্তু শ্রীমতী গান্ধী আর তাঁর

দলবল সেটা গ্রাহ্যই করলেন না। দেশের মানুষ এসব কথা জানে, বিদেশি সংবাদপত্রেও বেরিয়েছে—যে-সব সংবাদপত্রে শ্রীমতী গান্ধীর প্রায়ই সাক্ষাৎকার বেরোয়। জরুরি অবস্থার ফলে শ্রীমতী গান্ধীর মিথ্যে কথাগুলোর কেউ যদি প্রতিবাদও করে, কোনা সংবাপত্র তা ছাপতে সাহস করবে না।

কোনো একটা বিদেশি কাগজের (বোধহয় জার্মান) সাক্ষাৎকারে, কিংবা দু-তিনদিন আগেকার কোনো বিবৃতিতে শ্রীমতী গান্ধী খুব অভিমানভরে বিদেশি সংবাদপত্রগুলিকে ধমক দিয়ে বলেছেন যে, তারা শুধু তাঁর একনায়কতান্ত্রিক ব্যবস্থাকে আক্রমণ করে কিন্তু চীন ইত্যাদি সম্পর্কে কিছুই বলে না। এর চেয়ে ছেলেমানুষী কথা কি আর কিছু হতে পারে? এর উত্তর তো যে-কেউ জানে।

শ্রীমতী গান্ধী প্রায় দিনই যে-সব কথা বলছেন, আমি মাঝে মাঝে তার উত্তর দেবার কথা ভেবেছিলাম। পরে ভেবে দেখলাম এতে শুধু সময় নষ্ট। বরং মাঝে মাঝে কিছু লিখে রাখাই ভালো যখন যেমন প্রেরণা আসে। আমার দৃঢ় বিশ্বাস, ভারতের জনগণ কিংবা পশ্চিমী গণতন্ত্রগুলি শ্রীমতী গান্ধীর এই সব মিথ্যের বেসাতি মোটেই গ্রাহ্য করবে না। তিনি নিজেই সেটা বুঝেছেন এবং আরও বেশি রাগারাগি করছেন। এর একটা উদাহরণ, এল এন মিশ্রের শোকসভায় তিনি হঠাৎ গলা ফাটিয়ে বলে উঠলেন, “এমনকি আমিও যদি খুন হই, তা হলেও অনেকে বলবে, আমিই সেটি ঘটিয়েছি।”

**আগস্ট ১৩ :**

শ্রীমতী গান্ধীর আপিল আর রাজ নারায়ণের পরবর্তী আপিল একই সঙ্গে ১১ তারিখে আদালতে উঠেছিল। আবার তারিখ পড়লো ২৫ তারিখ। শান্তিভূষণ যুক্তি দেখিয়েছেন যে সাম্প্রতিক আইন ও সংবিধান সংশোধনের পর সংবিধানের মৌলিক অধিকারেরই রূপ বদল হয়েছে—যে সম্পর্কে আদালত আগে বলেছিলেন তা সংসদের অধিকার বহির্ভূত। শ্রীশান্তিভূষণ নিশ্চয়ই একজন বড় আইনজীবী। শ্রীনীরেন দে (ভারত সরকারের অ্যাডভোকেট জেনারেল) স্বীকার করেছেন যে যদি দেখা যায় যে সংবিধানের মৌলিক আকারই রূপান্তরিত হয়েছে, তাহলে এ নিয়ে দ্বিতীয় চিন্তা করা যেতে পারে। এটা খুবই উজ্জ্বল পরিস্থিতি। মনে হচ্ছে, এখনো কিছু আশা আছে। আমাদের গণতন্ত্রের মধ্যে এখনো কিছুটা প্রাণশক্তি রয়ে গেছে। শ্রী দে আদালতকে ‘মৌলিক আকার’-এর ব্যাখ্যা দিতে বলেছেন। খুব ভালো কথা। খানিকটা সাধারণ বুদ্ধি ও সংসদীয় গণতন্ত্র সম্পর্কে কিছুটা জ্ঞান যার আছে এমন যে-কোনো লোকই বুঝতে পারবে যে সাম্প্রতিক সংবিধান সংশোধন, জরুরি অবস্থা জারি ইত্যাদির ফলে শুধু সংবিধানের মৌলিক আকারই বদলায়নি, বরং তাকে একেবারে ধ্বংস করা হয়েছে।

সংশোধনের বিষয়ে আমি আগে যখন লিখেছিলাম, তখন একটা গুরুত্বপূর্ণ বিষয় আমার নজর এড়িয়ে গিয়েছিল। আজ সেটা একজন আমাকে মনে করিয়ে দিল। আমাদের সংবিধান অনুযায়ী সরাসরিভাবে প্রধানমন্ত্রীর নির্বাচন হয় না। শুধু লোকসভার সদস্যরাই নির্বাচিত হন। আগে থেকে কারুর জানবার কথা নয় যে কোন্ দল বা কোন্ কোন্ দল জিতবেন, এবং কে সেই বিজয়ী দলের বা দলগুলির নেতা নির্বাচিত হবেন। অর্থাৎ সব এম পি-ই সমান অধিকার নিয়ে নির্বাচিত হন এবং আইন সকলের প্রতিই সমানভাবে প্রযোজ্য। এরপর একজন যখন প্রধানমন্ত্রী হলেন—তখন অন্য যে-কোনো এম পি-র মতন তাঁর নির্বাচনের বৈধতাও কেন আদালতের বিচার্য হবে না? সেই প্রধানমন্ত্রী নারী বা পুরুষ যেই হোন, তিনি তো প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হননি। সুতরাং সংবিধানের এই সংশোধনটি একটি মুর্খের মতন কাজ। পাইথনের চোখের সামনে খরগোশ যেমন মন্ত্রমুগ্ধের মতন হয়ে যায়, তেমনি শ্রীগোখেল (তখনকার আইনমন্ত্রী) এবং ক্যাবিনেটের অন্য সদস্যদেরও যেন সেই অবস্থা হয়েছে। মূর্খতা জিনিসটা বে-আইনী নয়, কিন্তু প্রধানমন্ত্রীর নির্বাচন, বা

সাধারণ নির্বাচনের পরে হয়—সেটাকে আইনের আওতার বাইরে রাখা মানে এক এম পি-র সঙ্গে আর এক এম পি-র মূল্য কম বেশি করা—এটা শুধু বে-আইনীই নয়, পক্ষপাতমূলক এবং কুৎসিত।

**আগস্ট ১৪ :**

অধ্যাপক ঈশ্বরী প্রসাদ তাঁর 'হিস্ট্রি অব মুসলিম রুল' বইতে আওরঙ্গজেবের মৃত্যু দৃশ্য প্রসঙ্গে লিখেছেন—নিজের প্রিয়জন কাছে থাকলে, তাদের নরম হাতের সেবায় রোগের জ্বালা যন্ত্রণা অর্ধেক কমে যায়। সম্রাট আওরঙ্গজেবের কাছে সেরকম কেউ ছিল না বলেই তিনি আরও বেশি নিঃসঙ্গ ও তিক্ত বোধ করেছিলেন। কিন্তু তাঁকে তাঁর উচ্চপদের জরিমানা তো দিতেই হবে। (পৃ. ৬৫৩) দিল্লির হাইকোর্ট আমার আবেদপত্রও নিশ্চয়ই এই রকম কোনো কারণেই নাকচ করেছেন। মাননীয় বিচারপতিদের সম্পর্কে আমার কোনো নালিশ নেই। হয়তো তাঁদের কেউ কখনো জেলে থাকেননি, তবে কেউ কেউ বোধহয় হাসপাতালে থেকেছেন। সাধারণত কেউ হাসপাতালে ভর্তি হলে ডাক্তার-নার্স ছাড়াও তার কোনো না কোনো আত্মীয়-বন্ধু কখনো তার শিয়রের পাশে এরে দাঁড়ায়। সেটাও চিকিৎসার অঙ্গ। এখানে, ভারতের অন্যতম শ্রেষ্ঠ হাসপাতালে, ডাক্তার এবং নার্সরা সকলেই বেশ দয়ালু, প্রয়োজন হলেই তাঁরা আসেন। স্বাভাবিক সময়ে, ডাক্তার এবং নার্সদের সঙ্গেও আলাপ-সালাপ করে সময় কাটানো যায়। কিন্তু এখন তাঁরা প্রয়োজনের চেয়ে এক মিনিটও বেশি আমার কাছে থাকতে চান না। এবং আমার স্বাস্থ্য ছাড়া অন্য কোনো বিষয়ে তাঁরা কথাও বলবেন না! হাসপাতালের পরিচালক ছাড়া, অন্য যে-কোনো ডাক্তার বা নার্স আমার ঘরে ঢুকলেই সঙ্গে সঙ্গে ছায়ার মতন আসে একজন পুলিশের লোক (আই বি কিংবা সি বি আই-এর কে জানে)। এমনিতেই তো আশপাশের সব ক'টা ঘরে তারা আস্তানা নিয়ে আছে, তাছাড়াও একজন করে হেড সিপাই আমার দরজার কাছে দাঁড়িয়ে থাকে চব্বিশ ঘণ্টা। হাসপাতালের পরিচালকেরও ঠোঁট সেলাই করা, দু-চারটি কাজের কথা ছাড়া কিছুই বলবেন না।

সুতরাং যদিও আমি আছি খুব ভালো হাসপাতালে, চিকিৎসার ব্যবস্থাও নিখুঁত, সারাদিনে অনেক লোক আমার ঘরে আসছে যাচ্ছে, তবুও আমি নিঃসঙ্গ। অথচ কারুর সঙ্গ পাবার জন্য আমার মনটা হাহাকার করছে। প্রায় প্রতিদিনই খবরের কাগজে এমন কিছু থাকে—শ্রীমতী গান্ধীর অর্ধ সত্য কিংবা পুরো মিথ্যে ব্যাখ্যা—তাতে আমি উত্তেজিত হয়ে উঠি। যদি আর একজনও রাজনৈতিক বন্দীকে কাছাকাছি কোনো একটা ঘরেও অন্তত থাকতে দেওয়া হতো, আমরা তবে অন্তত কিছুক্ষণ মন খোলসা করতে পারতাম। ওষুধ-বিষুধ বা ঘুমের বড়ির চেয়ে তা আমার অনেক বেশি উপকারে লাগতো। ক'দিন আগে পর্যন্ত, যতক্ষণ না আমি ঠিক করেছিলাম যে শ্রীমতী গান্ধীর কথাবার্তা নিয়ে আর কোনো মন্তব্য করবো না, আমি তাঁর এক একটা উক্তিতে এমন উত্তেজিত হয়ে পড়তাম যে তক্ষুনি ঘণ্টা বাজিয়ে ঘুমের ওষুধ চেয়ে নিতাম। যাক গে, সে অবস্থা এখন পেরিয়ে এসেছি। তবু কথা বলার মতন একজন সঙ্গী পাওয়া সত্যি খুব বড় ব্যাপার। আমার কোনো আত্মীয়স্বজনকে এখানে থাকতে দেওয়ার তো কোনো প্রশ্নই ওঠে না। এ অতি নির্মম নির্জন বন্দীজীবন। মাত্র একবার একটু সময়ের জন্য আমাকে বারান্দায় হাঁটাবার জন্য নিয়ে যাওয়া হয়, তাছাড়া সারাদিনরাত আমি এই একটি ঘরে আবদ্ধ।

ব্রিটিশ রাজত্বে আমি বহু বছর জেলে কাটিয়েছি। শাস্তি হিসেবে নির্জন সেলে না পাঠালে এমনিতে লকআপের সময়ের আগে পর্যন্ত জেলের মধ্যে ঘোরাঘুরির বেশ স্বাধীনতা পাওয়া যেত। অন্যান্য বন্দীদের সঙ্গে আড্ডা, খেলা, আলোচনা, একসঙ্গে বই পড়া কিংবা যার যা খুশী, মোটামুটি জেলের নিয়মগুলি মানলেই হলো। এমনকি অসুস্থ হবার পর হাসপাতালে পাঠালেও সেখানে পাশাপাশি বিছানায় পাওয়া যেত অন্য বন্দীদের, তাতেও সময় ভালো কাটতো। একবারই মাত্র কয়েক মাসের জন্য আমি লাহোর দুর্গে

নির্জন সেলে ছিলাম। তখনও আমি হেবিয়াস কর্পাসের আবেদন করেছি, গভর্নরকে চিঠি লিখে চলেছি, এমন সময় আমাকে চমকিত এবং আনন্দে আপ্লুত করে সেখানে আবির্ভূত হলেন রামমনোহর লোহিয়া। তিনি এলেন আমার কয়েক মাস বাদে এবং রইলেন আমারই কাছাকাছি। সেখানে প্রত্যেকদিন তাঁর সঙ্গে অন্তত এক ঘণ্টা কথাবার্তা চলতো, তারপর আমরা দুজনেই বদলি হয়ে গেলাম আগ্রা সেন্ট্রাল জেলে এবং রইলাম এক ব্যারাকে। সুতরাং মহামান্য বিচারপতিরা যে ভেবেছেন আমাকে হাসপাতালে রাখার ফলে আমার নির্জন বন্দীদশা আর নেই, সেটা ভুল। এটা বোঝার জন্য অনেকখানি মানবিক সমবেদনা এবং কল্পনাশক্তির দরকার। আমি বলছি না মাননীয় বিচারপতিদের এইসব গুণাবলী নেই, তবে তাঁরা যে-কারণে আমার আবেদনপত্র নাকচ করলেন, সেটা ভুল।

প্রথমে আমি ঈশ্বরী প্রসাদের বই থেকে খানিকটা উদ্ধৃতি দিয়েছি। সম্রাট আওরঙ্গজেবের মনের ভাব যা হয়েছিল, আমার মতন একজন সামান্য লোকেরও সেরকম হতে পারে। প্রসঙ্গত বলা যায়, আওরঙ্গজেব তাঁর উচ্চপদের দাম দেননি, দাম দিয়েছেন নিজেরই অকাজের, নিজের পিতাকে বন্দী করার এবং ভ্রাতৃহত্যার। অধ্যাপক ঈশ্বরী প্রসাদ নিজেই মন্তব্য করেছেন যে আওরঙ্গজেব তাঁর ছেলে-মেয়েদের বিশ্বাস করে নিজের কাছে আসতে দিতেন না। এবং সজল চোখে তিনি নিজেই তাঁর প্রিয় পুত্র কামবক্সকে দূরে পাঠিয়ে দিয়েছিলেন, যাতে তাঁর কোনো বিপদ না হয়। আওরঙ্গজেবের একাকিত্ব তাঁর স্বেছাকৃত, আর আমারটা জোর করে চাপানো। আমি হয়তো এক্ষুনি মরছি না, তাই তো মনে হয়, অবশ্য হৃদরোগীর কোনোই ঠিক নেই। কিন্তু যখন দেশকে একনায়কতন্ত্রের বীভৎস অন্ধকারের দিকে ঠেলে নিয়ে যাওয়া হচ্ছে, তখন আমার পক্ষে এইরকম ভাবে বন্দ্ধ থাকা প্রায় মৃত্যুরই সমান।

**আগস্ট ১৫ :**

আজ ১৫ আগস্ট। স্বাধীনতার ২৮ বছর পূর্ণ হলো। ভারত এখন বিদেশি শাসনমুক্ত। কিন্তু শ্রীমতী গান্ধী যে-পথে চলেছেন তাতে এ দেশ একদিন না একদিন রাশিয়ার কুক্ষিগত হয়ে যেতে পারে। আজকের ট্রিবিউন পত্রিকায় কে পি এস মেননের লেখা একটি প্রবন্ধে সেই ভয়াবহ ভবিষ্যতেরই ইঙ্গিত দেওয়া হয়েছে। যদিও আমার দৃঢ় বিশ্বাস, ভারতের জনগণ কখনোই তা মেনে নেবে না।

স্বাধীনতা সংগ্রাম নিছক স্বাধীনতা পাওয়ার জন্য লড়া হয়নি। স্বাধীন ভারতবর্ষে সুষ্ঠু গণতন্ত্র স্থাপনই ছিল সংগ্রামের অন্যতম প্রধান লক্ষ্য। এই উদ্দেশ্যেই গণ পরিষদ স্থাপিত হবার পর গণতান্ত্রিক ভারতবর্ষের জন্য একটি সংবিধান রচিত হয়েছিল এবং সেটি গৃহীত হয়েছিল ১৯৪৯ সালের ২৬ নভেম্বর। ১৯৫০-এর ২৬ জানুয়ারি থেকে ভারত একটি প্রজাতন্ত্রে পরিণত হলো।

আজ সেই গণতন্ত্রের আর কিছু অবশিষ্ট আছে? সেসব-কিছুই এখন এত অবাস্তব আর স্বপ্নময় মনে হয় যে ভারতের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীকে জনগণকে আশ্বস্ত করার জন্য বারবার জানাতে হয় যে জরুরি অবস্থা একটা সাময়িক ঘটনা। ভারত শুধু গণতন্ত্রের ছত্রতলেই অখণ্ড থাকতে পারে, ইত্যাদি ইত্যাদি। এই দুই মুখ্য পদাধিকারী তাঁদের স্বাধীনতা দিবসের বাণীতেও একথা আবার বলেছেন।

কিন্তু যে দুর্বল এবং মিথ্যে যুক্তিতে জরুরি অবস্থা ঘোষণা করা হলো এবং পর পর সংবিধান সংশোধন করা হতে লাগলো তাতে অনায়াসেই বোঝা যায় যে এই সমস্ত কথাবার্তা শুধু চোখে ধুলো দেওয়া। শ্রীমতী গান্ধী তো গণতন্ত্রে বিশ্বাসই করেন না এবং গণতন্ত্রের পুনঃ প্রতিষ্ঠার জন্য তিনি সবরকম বাধার সৃষ্টি করবেন। এখন দেখা যাক, এদেশের গণতান্ত্রিক শক্তিগুলি এই ষড়যন্ত্রকে সার্থক করার বিরুদ্ধে কতখানি প্রতিরোধ দিতে পারে। যদি আমি ভারতের মানুষ এবং যুবশক্তিকে ঠিক মতন চিনে থাকি তাহলে মনে হয়, তারা কখনোই এটা হতে দেবে না।

আমার এই আশার সমর্থনে আর একটা যুক্তি আছে। আমরা দেখতে পাচ্ছি, প্রধানমন্ত্রী বারবার এই এক কথাই বলছেন যে এ-দেশের বিশাল ব্যাপ্তি, বিপুল জনসংখ্যা এবং এত রকম বৈপরীত্যের জন্য এ-দেশের জাতীয় অখণ্ডতা বজায় রাখতে গেলে গণতান্ত্রিক আবহাওয়ার প্রয়োজন। তিনি আজও একথা বলেছেন। আমরা এখন শ্রীমতী গান্ধীর একনায়কতন্ত্রের অধীনে আছি। কিন্তু ইতিহাস সাক্ষ্য দেবে, একটা কেন্দ্র থেকে সারা ভারতবর্ষ শাসন করা কখনোই পুরোপুরি সম্ভব হয়নি। এরকম কেন্দ্রীয় শাসন বেশিদিন টেকেওনি। বড় বড় সম্রাটদের অধীনেও বিভিন্ন অঞ্চলে বেশ কিছু মোটামুটি শক্তিশালী রাজা বা সুলতান থাকতেন এবং নিজেদের এলাকায় তাঁরাই ছিলেন প্রায় সর্বেসর্বা। বিভিন্ন সময়ে বড় সাম্রাজ্যের সীমানা বেড়েছে বা কমেছে এবং দু-এক শতাব্দীতেই সে-সব সাম্রাজ্য গুঁড়িয়ে গেছে।

সে সময় ভোটের ভিত্তিতে গণতন্ত্র সম্পর্কে কারুর কোনো ধারণাই ছিল না, ছিল না ব্যক্তি স্বাধীনতা বা রাষ্ট্র পরিচালনা সম্পর্কে সাধারণ মানুষের কোনো অধিকার। ভারতের জনসংখ্যাও তখন ছিল না এত বেশি। তবু সাম্রাজ্য ভেঙে যেত। আর এখন, আমি মনে করি না যে ইন্দিরাজির ব্যক্তিত্ব এত প্রবল যে তিনি এই বিরাট দেশে স্বৈরাচারী শাসন বেশিদিন টিকিয়ে রাখতে পারবেন।

শ্রীমতী গান্ধীর দলের কথা আমি আগেই বলেছি। কিছু স্বার্থপর আর কাপুরুষ এই দলে ভিড় করেছে। বেশিরভাগের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ঢুকে গেছে। পারস্পরিক স্বার্থ নিয়ে এবং ঝগড়াতেও মেতে আছে সব সময়। এরা জাতিভেদ নিয়েও মাথা ঘামায়। এ রকম একটা দলের স্বৈরাচারী শাসন বেশিদিন টিকতে পারে? কংগ্রেস দলের সাহসী ও সৎ নেতাদের শ্রীমতী গান্ধী তাড়িয়ে দিয়েছেন আগেই।

বিরোধী পক্ষরা এক হতে পারলে কংগ্রেস শাসনের অবসান হতো অনেক দিন আগেই। আশা করি এই দুঃসময়ের অগ্নি-পরীক্ষার পর তাঁরা এক হতে পারবেন। আসলে জরুরি অবস্থার ঘোষণার অন্যতম কারণ গুজরাটের নির্বাচনে জনতা দলের জয়। শ্রীমতী গান্ধী তখনই বুঝতে পেরেছিলেন সারা দেশে বিরোধী পক্ষের একটা একতার সম্ভাবনা দেখা দিয়েছে এবং সে রকম হলে তিনি পরবর্তী নির্বাচনে জিততে না-ও পারেন। তাছাড়া, বিহারের আন্দোলনও অন্যান্য রাজ্যে ছড়িয়ে পড়েছে। আমার সারা দেশব্যাপী ঝটিকা সফরেও শ্রীমতী গান্ধী কিছুটা ভয় পেয়ে থাকবেন। এই অবস্থায় তিনি ভাবলেন, গণতন্ত্রের ধ্বংস করাই তাঁর পক্ষে সবচেয়ে সুবিধাজনক ব্যাপার। তবে এর আগে আমি যা বলেছি, তাতে স্পষ্ট বোঝা যাবে যে, তিনি এই শয়তানী প্রচেষ্টায় কিছুতেই সফল হবেন না।

# গান্ধী-সুভাষ-জয়প্রকাশের শিক্ষাভাবনা
# একটি সংক্ষিপ্ত পরিলেখ

**সন্দীপ দাস**







প্রাক্‌স্বাধীন যুগে ঔপনিবেশিক শাসকরা জনশিক্ষা কিংবা সমাজ সচেতন চরিত্রবান মানুষ তৈরি করা নিয়ে ভাবিত ছিলেন না। লর্ড হেইলির মত বিবেকবান ইংরেজও মনে করতেন যে এই শিক্ষা ভুল লক্ষ্যে আরম্ভ হয়েছে। দুর্ভাগ্যবশত স্বাধীনতার পরও তা থেকে গুণগত পরিবর্তন খুব একটা হল না। শিক্ষা সংস্কারের প্রয়োজন আমরা আরম্ভ করলাম বিশ্ববিদ্যালয় শিক্ষা কমিশন (১৯৪৮) দিয়ে, তারপর মাধ্যমিক শিক্ষা কমিশন (১৯৫২) এবং তারপর শিক্ষার সবদিক বিবেচনার জন্য শিক্ষা কমিশন (১৯৬৪-৬৮)। এই কমিশন যা কোঠারী কমিশন নামে পরিচিত, বহু যুগান্তকারী ও মূল্যবান সুপারিশ করলেও তার রূপায়ণে সরকার বিশেষ কোন ব্যবস্থা নেয়নি। নব্বই-এর দশকের প্রথম দিকে সার্ক তার সদস্যগুলির প্রতি আবেদন জানায় ২০০০ সালের মধ্যে সব দেশই যেন পূর্ণ সাক্ষরতার লক্ষ্য পূরণ করে। সাত বছর হয়ে গেলেও আমাদের সাক্ষরতা ৭০ শতাংশও অতিক্রম করতে পারছে না। তাছাড়া এই সাক্ষরতা যে কত অন্তঃসারশূন্য তা পশ্চিমবঙ্গের কয়েকটি এলাকা সমীক্ষা করে প্রতি ট্রাস্টের যে দুটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে তা থেকে প্রতীয়মান হয়। বিভিন্ন বিদ্যালয়ের সুযোগ সুবিধে এবং শিক্ষাগত মানের এবং ছাত্রদের জ্ঞানের পার্থক্য অভাবনীয়। বস্তুত দেশজুড়েই শিক্ষার কাঠামোর শ্রেণীবিভাজন বেড়েই চলেছে। যারা অভিজাত শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশ করে বেরচ্ছে তারা অমার্জিত ভাবেই উচ্চজীবিকা অন্বেষী। ব্যতিক্রম বাদ দিলে এরা সমাজ এমনকি পরিবারের প্রতিও দায়িত্ববোধসম্পন্ন নয়। আবার সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান থেকে যে বৃহদংশ বেরিয়ে আসছে তারা জীবনের উদ্দেশ্যই খুঁজে পায় না। তারা অধিকাংশই চায় কোন চাকুরি, যা তাদের কাছে মনে হয় মায়া। যারা পায় তারাও অনেকে তাতে কীভাবে যোগ্য প্রতিপন্ন করবে ভেবে পায় না, আবার তাদের চরিত্রগঠনও হচ্ছে না। এই নৈরাশ্যের পরিবেশে হিংসাত্মক ভাবনা জন্ম নিচ্ছে। অপরদিকে বাস্তুতন্ত্রের উপর ভয়ঙ্কর আঘাত ভারত তথা সারা বিশ্বে এক বিপর্যয়কর পরিস্থিতিকে জন্ম দিচ্ছে।

এই প্রেক্ষায় আমাদের মনে হয়, আমাদের জাতীয় আন্দোলনে যে শিক্ষার আদর্শ আমাদের বরেণ্য পথপ্রদর্শকরা দিয়েছিলেন, তার কণ্ঠ অনুকরণ না করেও তাঁদের শিক্ষা ভাবনা থেকে প্রেরণা পাওয়ার মত এবং

সুযোগপযোগী উপাদান পাওয়ার সম্ভাবনা থাকলে বিচার করতে পারি। বাংলায়, মহারাষ্ট্রে, পাঞ্জাবে এবং দেশের অন্যান্য অঞ্চলে এই পথপ্রদর্শকরা অনেক পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন।

এই নিবন্ধে আমরা সকল পথিকৃৎদের ভাবনা বিশেষভাবে আলোচনা না করে রাজনৈতিক নেতা হিসেবে যাঁরা বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকেন, তাঁদের মধ্যে গান্ধী, সুভাষচন্দ্র ও জয়প্রকাশের শিক্ষাভাবনার একটি সংক্ষিপ্ত রূপরেখা দেওয়ার চেষ্টা করব, যা আমাদের বিবেচনায় এই সময়ে বিশেষভাবে প্রণিধানযোগ্য। গান্ধী নিজে বহু বিষয়ে তাঁর ভাবনার পরিবর্তন ঘটিয়েছেন। তিনি জোরের সঙ্গেই বলতে পারতেন, "আমার বিকাশের আমি সমাপ্তি ঘটাতে চাই না।" পূর্বসূরীদের শিক্ষাভাবনা পর্যালোচনা করার ক্ষেত্রে আমাদেরও তাঁদের ভাবনার মধ্যে সমাপ্ত না থেকে আরো এগিয়ে যাওয়া উচিত। তার অর্থ নিশ্চয়ই এ হওয়া উচিত নয় যে, তাঁদের ভাবনা থেকে আমরা প্রেরণা নেব না বা উপযোগী শিক্ষাসংক্রান্ত বিষয় অনুসরণ করব না।

রবীন্দ্রনাথ শান্তিনিকেতনে যখন তাঁর ভাবনা অনুযায়ী আদর্শ শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করেছিলেন তখন জাতীয় আন্দোলনের অঙ্গ হিসেবে জাতীয় শিক্ষা প্রণালী প্রবর্তনের প্রচেষ্টা হচ্ছিল। যার সঙ্গে রবীন্দ্রনাথ নিজেও যুক্ত ছিলেন। প্রায় সমকালেই গান্ধী দক্ষিণ আফ্রিকায় তাঁর ঈপ্সিত শিক্ষা নিয়ে পরীক্ষা ও পর্যালোচনা করেছিলেন। দক্ষিণ আফ্রিকায় তাঁর প্রতিষ্ঠানের ছাত্রদের বৌদ্ধিক বিকাশের অঙ্গ হিসেবে কৃষি, কারিগরি জ্ঞান, পরিচ্ছন্নতা, রান্নাবান্নার মধ্য দিয়ে সংঘবদ্ধভাবে সহভাগিতার জীবন যাপনের প্রণালী শিখতে হত। তাদের শিক্ষা একটি নির্দিষ্ট পাঠক্রমের মধ্যে সমাপ্ত হত না, তা ছিল তাদের জীবনের সঙ্গে সমব্যাপক। গান্ধীর এই তালিমের সূচনা এর মধ্য দিয়েই হয়।

১৯৩৭ সালে ওয়ার্ধায় এক শিক্ষা সম্মেলনে সভাপতির ভাষণে গান্ধী একটি পূর্ণাঙ্গ শিক্ষার রূপরেখা দেন যাতে মৌল বা বেসিক এডুকেশনের নির্যাস পাওয়া যায়। গান্ধীর খসড়া নিয়ে সম্মেলনে আলোচনার সময় দেখা গেল একজন প্রতিনিধিই সরাসরি এর বিরোধিতা করেন। একজন সেই ড. জাকির হোসেন তাঁর বক্তব্য পেশ করার সময় বলেন, গান্ধীর আগে এ জাতীয় চিন্তা কয়েকজন বিদেশী শিক্ষাবিদ করেছেন এবং তা নিয়ে কিছু ত্রুটি বিচ্যুতি রয়েছে তাও তিনি উল্লেখ করেন। যদিও ড. হোসেন গান্ধীর মৌল ভাবধারার সঙ্গে সহমত পোষণ করেন, কিন্তু বেশ কয়েকজন গোঁড়া গান্ধী অনুসারী বলে দাবিদাররা ড. হোসেনের তীব্র বিরোধিতা করেন। আলোচনার কিন্তু উপান্তে গান্ধী ড. জাকির হোসেনকে সভাপতি করে তাঁর প্রস্তাবিত বেসিক এডুকেশন কমিটি প্রস্তাব করেন। গান্ধী নিজে এই প্রস্তাব করায় এ নিয়ে আর বাদানুবাদ ছাড়াই কমিটি সম্মেলনে স্বীকৃতি লাভ করে। কমিটি প্রচুর পরিশ্রম করে নানা তথ্য সংগ্রহ করে এবং ড. হোসেন আলিগড়ে নিরিবিলি অবস্থান করে খসড়া প্রস্তুত করেন। গান্ধী এই প্রতিবেদন সম্পূর্ণ অনুমোদন করেন এবং মন্তব্য করেন এই প্রতিবেদন তাঁর ভাবনারই বিস্তৃত রূপ। ১৯৩৮ সালে সুভাষচন্দ্রের সভাপতিত্বে হরিপুরায় অনুষ্ঠিত কংগ্রেস এই প্রতিবেদন গ্রহণ করেন। তার ফলে কংগ্রেস শাসিত প্রদেশগুলিতে তা অনুসরণ করার দায়িত্ব পড়ে। কিন্তু রাজনৈতিক ডামাডোলে বিশেষত যুদ্ধকালীন পরিস্থিতিতে কংগ্রেস মন্ত্রিসভাগুলির পদত্যাগের ফলে তা বিশেষ এগোতে পারেনি।

এই শিক্ষা পরিকল্পনায় শিক্ষা আরম্ভ হবে তিনটি H-এর (head, hand and heart) শিক্ষা দ্বারা এবং তাই শিক্ষার লক্ষ্য হবে। তিনটি R (reading, writing, Arithmatic) শিক্ষার লক্ষ্য নয়, তিনটি H-এর সহকামী হতে পারে। প্রাক্-প্রাথমিক শিক্ষা হবে শিশুপ্রধান, বই প্রধান নয়। শিশুকে প্রথমে প্রাকৃতিক পরিবেশের উপযোগী হতে হবে তারপর তাকে তার সামাজিক পরিবেশের সঙ্গে মানিয়ে চলার শিক্ষা দিতে হবে। সাধারণ বিজ্ঞান সম্পর্কিত তার জ্ঞান হবে তার

প্রাকৃতিক পরিবেশ অর্থাৎ গাছপালা, পশু-পাখালি এবং মানুষের শারীরিক গঠন সম্পর্কিত পরিবেশের মাধ্যমে। একইভাবে সামাজিক বিজ্ঞান সম্পর্কিত ভাব হবে সামাজিক পরিমণ্ডল থেকে। বাগান করা, শিল্পকলা, অঙ্কন, খেলাধূলা, বাইরে শিক্ষামূলক বেড়ানো, কৃষি সম্পর্কিত কিছু ধারণা, শিল্প কৌশল তার সঙ্গে প্রকৃতি, ইতিহাস এবং আমাদের ঐতিহ্য সম্পর্কিত গল্প ও গান বিভিন্ন পর্যায়ে সামাজিক জ্ঞান শিক্ষার একটি গুরুত্বপূর্ণ দিক হবে। অন্যদিকে হবে বয়স অনুযায়ী সমাজসেবা ও সহযোগী ও সহভাগী জীবনযাপন প্রণালি শেখানো। ঝোঁক হবে শিক্ষার্থীর সঙ্গে প্রকৃতির সাযুজ্য স্থাপন। প্রাথমিক শিক্ষা সম্পর্কে গান্ধীর এবং বেসিক এডুকেশন কমিটির অভিমত অনুযায়ী প্রাথমিক শিক্ষা (৭ থেকে ১৪ বছর পয়স পর্যন্ত) যা বর্তমানে মাধ্যমিক শিক্ষার স্তর পর্যন্ত পৌঁছতে পারে এবং শিক্ষা কোন শিল্প কৌশল, বৃত্তি বা উৎপাদনমূলক হওয়া উচিত। তিনি একটি দৃষ্টান্ত দ্বারা তাঁর বক্তব্যের স্পষ্টীকরণ করেন। যদি বৈজ্ঞানিক নিয়মানুগী ব্যক্তি কোন ছাত্রকে ছুতোরের কাজ শেখাতে চান তাহলে তিনি তাকে শেখাবেন কাঠের প্রকৃতি। কোথায় এ জাতীয় গাছ জন্মায়, তার ভৌগোলিক অবস্থান, কিছুটা তার চাষযোগ্যতা, বনসম্পর্কিত ধারণা, জ্যামিতি, পাটীগণিত, অঙ্কনের বিভিন্ন নমুনা প্রভৃতি। আশা দেবী আর্যনাটক, যিনি বেসিক এডুকেশন কমিটির অন্যতম সম্পাদক ছিলেন, তাঁকে গান্ধী নিজের ধারণা বোঝাতে গিয়ে বলেন যে, তাঁর লক্ষ্য হচ্ছে হাতের আঙুলগুলিকেও চিন্তাশীল করে তোলা। মুদালিয়র কমিশন থেকে আরম্ভ করে অনেক সরকারি কমিশন বা কমিটি প্রথাগত শিক্ষার সঙ্গে একটি উৎপাদনশীল কাজ যুক্ত করতে চেয়েছেন। অন্যদিকে গান্ধীর লক্ষ্য হচ্ছে সমস্ত শিক্ষা প্রণালীই উৎপাদনশীল কাজের সঙ্গে সম্পৃক্ত হবে। গান্ধীর অর্থনৈতিক পুনর্গঠনের পরিকল্পনাও তাঁর শিক্ষা প্রণালীর সঙ্গে একসূত্রে প্রথিত। গান্ধীর শিক্ষার ক্ষেত্রে পরিবেশের তথা বাস্তুতন্ত্রের উপর গুরুত্ব আরোপ সমসাময়িক গভীর বাস্তুতন্ত্র ও বাস্তুনীতিবিদ্যার প্রবক্তাদের বিশেষভাবে আকৃষ্ট করেছে। গান্ধী যদিও ১৪ বছর বয়স পর্যন্ত শিক্ষার্থীর জন্য সর্বজনীন ও নিঃশুল্ক শিক্ষার সমর্থক ছিলেন, কিন্তু উচ্চশিক্ষার ক্ষেত্রে তাঁর বক্তব্য হচ্ছে তা সকলেরই মৌলিক অধিকার হিসেবে থাকা বাঞ্ছনীয়। তাঁর মতে রাষ্ট্রকেই সমস্ত উচ্চশিক্ষার ব্যয়ের বোঝা চাপিয়ে দেওয়া ঠিক নয়। গান্ধী মনে করতেন ইঞ্জিনিয়ারিং শিক্ষার ব্যয়ভার নিয়োগকারী এবং মেডিকেল শিক্ষার ব্যয় বিধিবদ্ধ হাসপাতালগুলির বহন করা উচিত। কৃষি কলেজগুলিকে স্বয়ং-সেবিতভাবে গড়ে তোলার চেষ্টা করতে হবে। উচ্চশিক্ষাকে জাতীয় প্রয়োজন ও শিক্ষার্থীর যথার্থ আগ্রহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ভাবে গড়ে তোলা কর্তব্য।

গান্ধী হৃদয় বিবর্জিত শিক্ষা প্রণালীর বিপক্ষে ছিলেন। তাঁর মতে শিক্ষায় হৃদয় মনে বিকাশ তখনই সম্ভব হবে যখন দৈহিক অঙ্গের সঙ্গে আধ্যাত্মিক বা নৈতিক বিকাশ বিজড়িত হবে। জাকির হোসেন কমিটিও এই সমন্বিত দৃষ্টিভঙ্গির উপর যথোপযুক্ত গুরুত্ব আরোপ করেছেন।

নেতাজি সুভাষচন্দ্র, স্বাধীনতা আন্দোলনে যাঁর অবদান গান্ধীর পরেই নির্ধারিত বলে ব্যাপকভাবে স্বীকৃত, তাঁর শিক্ষা ভাবনার কিন্তু বিশেষ পরিচিতি নেই। যা বহুলভাবে জানা তা হল গান্ধী ও সুভাষের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা-প্রীতির সম্পর্ক থাকা সত্ত্বেও দুজনের মধ্যে নানা প্রশ্নে মতভেদ ছিল। যদি আমরা সুভাষচন্দ্রের শিক্ষাভাবনা পর্যালোচনা করি তাহলে দেখব যে তাঁর সঙ্গে গান্ধীর যথেষ্ট সাদৃশ্য রয়েছে। অবশ্যই রবীন্দ্রনাথ ও বিবেকানন্দের ভাবনার প্রভাব তাঁর শিক্ষাভাবনায় রয়েছে। প্রথাগতভাবে সুভাষচন্দ্রকে একজন শিক্ষাতাত্ত্বিক বলে গণ্য করা হয় না। সুভাষচন্দ্রের শিক্ষাভাবনার প্রকাশ ঘটেছে দেশবন্ধু প্রতিষ্ঠিত গৌড়ীয় সর্বাবিদ্যায়তনের অধ্যক্ষ হিসেবে তাঁর অনুসৃত নীতির মধ্যে। কলকাতা কর্পোরেশনের মুখ্য কর্মাধ্যক্ষ ও মেয়র হিসেবে তাঁর ভাবনার মধ্যে এবং আজাদহিন্দ সরকারের প্রধান হিসেবে ব্যক্ত তাঁর

শিক্ষাভাবনার মধ্যে। সুভাষচন্দ্রের শিক্ষাভাবনার মূলে রয়েছে বৃটিশ প্রবর্তিত শিক্ষা ব্যবস্থার মধ্যে তাঁর অনুপযোগিতার উপলব্ধি। তাঁর মতে শিক্ষা একটি উচ্চ আদর্শের জন্য সাধনা। সুভাষচন্দ্রের মতে শিক্ষার লক্ষ্য হবে চরিত্রগঠন এবং সাধারভাবে মানবজাতির ও বিশেষভাবে দেশসেবার জন্য উদ্বুদ্ধ হওয়া। সুভাষচন্দ্রের কথায় শিক্ষার মধ্য দিয়ে 'দেশকে ভালবাসবে এবং বিশ্বমানবকে পরমাত্মীয় করে তুলবে' শিক্ষার্থী প্রকৃতিকে মাতৃপদে বরণ করবে, শিক্ষার মধ্য দিয়ে আত্মমর্যাদা, নাগরিক গুণাবলির বিকাশ ও জাতীয় উত্থানের পরিপূরক হতে হবে। শিক্ষার সঙ্গে বৃত্তিমূলক শিক্ষার বা কারিগরি কৌশল শেখার জ্ঞান থাকলেও জীবিকা বা উপার্জন কখনোই শিক্ষার লক্ষ্য হতে পারে না। সুভাষচন্দ্রের মতে শিক্ষা ও সংস্কৃতির গ্রহণযোগ্য দিক আমরা গ্রহণ করতে পারি। কিন্তু আমাদের শিক্ষা যেন অপর সংস্কৃতির দাসত্ব করা থেকে বিরত করতে পারে।

শিক্ষায় বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও ধর্মনিরপেক্ষ পাঠক্রম হওয়া উচিত। প্রাথমিক শিক্ষায় শিশু মনস্তত্ত্বের প্রয়োগ করতে হবে। শিশু শিক্ষা থেকে প্রাথমিক শিক্ষা মূলত ইন্দ্রিয় প্রত্যক্ষনির্ভর তাই প্রকৃতির প্রতি অনুরাগ, সঙ্গীত, চিত্রাঙ্কন ও শারীরিক শ্রমের উপর যথোপযুক্ত গুরুত্ব দিতে হবে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বৈষম্য বা অবিন্যস্ত শিক্ষা ব্যবস্থার তিনি বিরোধী ছিলেন। তাই একই ধরনের প্রাথমিক শিক্ষার তিনি প্রবক্তা ছিলেন, আবার কলকাতা কর্পোরেশনের মুখ্য কর্মাধ্যক্ষ হিসেবে তিনি সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে নিষ্পেষিত শ্রেণীর শিশুদের জন্য বিশেষ শিক্ষা প্রদান ও নৈশ্যবিদ্যালয় প্রবর্তন করেছিলেন। সুভাষচন্দ্র বিশ্বাস করতেন, জাতীয় শিক্ষানীতিতে জাতীয় ইতিহাস, জাতীয় ঐতিহ্য ও সামাজিক লোকনীতির প্রতিফলন থাকা উচিত। শিক্ষা ব্যবস্থায় দারিদ্র্য দূরীকরণ ও জীবিকা সংস্থানের সুযোগ সৃষ্টি থাকার ব্যবস্থা রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ধর্মীয়, জাতীয় কিংবা রাজনৈতিক গোঁড়ামি থেকে দূরে রাখতে হবে। তিনি যে আশঙ্কা করেছিলেন তার কুৎসিৎ প্রতিফলন দেখলে তিনি তো চমকে উঠতেন।

পরিশেষে তাঁর শিক্ষাভাবনার সার বক্তব্য জ্ঞানমূলক, ইচ্ছা ও স্বকীয় এবং আবেগীয় দিকের সমন্বয় করে দিতে হবে। জ্ঞানের সঙ্গে কল্পনা, সৃজনশীলতা, বুদ্ধি ও অভিজ্ঞতার একটি সংবদ্ধভাবে প্রয়োগ করার সুযোগ সৃষ্টি করতে হবে। শিক্ষার বিভিন্ন পর্যায়ে বিশ্লেষণ ও সংশ্লেষণের একটি ভারসাম্য স্থাপন করা প্রয়োজন। সুভাষচন্দ্রের দৃষ্টিভঙ্গির সঙ্গে উপনিষদ কথিত শ্রবণ, মনন ও নিধিধ্যাসনের গুরুত্ব স্বীকৃতি পেয়েছে।

সুভাষচন্দ্রের মতো জয়প্রকাশ নারায়ণও শিক্ষাতাত্ত্বিক হিসেবে পরিগণিত হন না। কিন্তু তাঁর শিক্ষাভাবনা এবং কার্যক্রমের মধ্যে এমন কিছু উপাদান রয়েছে, যা উপেক্ষা করলে আমরা প্রত্যবায়গ্রস্ত হতে পারি। বিহার আন্দোলনের আগে পর্যন্ত তাঁর শিক্ষাভাবনা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন ভাষণ এবং সমাজবাদী ও সর্বোদয়ীদের সভায় কিছু বিছিন্ন ভাবনা পর্যন্ত সীমাবদ্ধ ছিল।

বিহার আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য ছিল নিরুদ্দেশী শিক্ষাব্যবস্থা যা কর্মহীন মানুষের ভিড় বাড়াচ্ছে তার পরিবর্তন ঘটানো। তিনি দেখলেন যে বিহারের অনেক স্নাতক ইংরেজি কেন, হিন্দিতেও দুছত্র শুদ্ধ করে লিখতে পারছে না। তাদের কোন কাজে নিযুক্তি হয় না এবং এই শিক্ষা থেকে তাদের মনের এবং হৃদয়ের কোন প্রসারও ঘটছে না। তাঁর মনে হল, শুধু কখানা বই পড়ে কী লাভ? তাঁর স্মরণ এল যে, অসহযোগ আন্দোলনের সময়ে কলেজ ছেড়ে ওঁরা গতানুগতিক ক্লাশ করার চেয়ে অনেক বেশি শিখেছিলেন। তাই অসহযোগ আন্দোলনের কাণ্ডারী গান্ধী-ধারায় উৎসারিত মানসিকতায় তিনি ছাত্রদের এক বছরের জন্য কলেজ ছেড়ে এসে সর্বাত্মক বিপ্লবের আন্দোলনে সামিল হতে আহ্বান জানান।

এই আন্দোলন শিক্ষার পুনর্গঠনে তিনি দ্বিবিধ কর্মসূচির পদক্ষেপ নিলেন। প্রথমটি হচ্ছে কলেজ

ছেড়ে যারা আন্দোলনে সামিল হল, তাদের জন্য আপাত পাঠক্রম, দ্বিতীয়টি হল জাতীয় পুনরুত্থানের জন্য দীর্ঘমেয়াদী পাঠক্রম, যাতে শিক্ষার লক্ষ্য, কার্যক্রম, পদ্ধতি এবং কর্ম-সম্পৃক্ত শিক্ষা প্রণালী বিস্তারিতভাবে তৈরি করা। তিনি আরও লক্ষ্য করলেন যে কোঠারী কমিশনের সুপারিশসমূহের মধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ উপাদান রয়েছে যা কার্যকরী করে বৈপ্লবিক পরিবর্তন হতে পারে। দুঃখের কথা, সরকার তা বিবেচনাই করেনি। এমনকি, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের উপদেষ্টা জে পি নায়ক মন্ত্রকের নির্দেশেই প্রাথমিক শিক্ষার জন্য যে কার্যক্রম প্রস্তুত করেছিলেন, সরকার তা বিচার না করেই দূরে সরিয়ে দিয়েছে। তাঁর আরও আক্ষেপের বিষয় হল, যদিও শিক্ষাগত পরিবর্তন এই আন্দোলনের গুরুত্বপূর্ণ লক্ষ্য, কিন্তু আন্দোলন সমর্থনকারী দল ও গোষ্ঠী তাঁর নিজের অনুরোধ সত্ত্বেও তা নিয়ে বিশেষ ভাবনা চিন্তা করেননি।

জয়প্রকাশজির চিন্তা সংক্ষেপে বলতে গেলে, প্রাথমিক শিক্ষা হবে একই ধরনের। এখানে আর্থিক কৌলিণ্য ও রাজনৈতিক এবং সামাজিক প্রতিপত্তি প্রয়োগের মাধ্যমে অভিজাত স্কুলে ভর্তি করানোর প্রবণতা বন্ধ করতে হবে। উচ্চশিক্ষা সম্পর্কে তাঁর চিন্তা অনেক ক্ষেত্রেই গান্ধী চিন্তার সামীপ্যে। জয়প্রকাশের একটি অভিনব পরামর্শ ছিল ডিগ্রিকে চাকুরি থেকে বিযুক্ত করা, পরীক্ষা ব্যবস্থার মধ্যে যে প্রহসন চলছে (তখনকার বিহার তাঁর মাথায় বেশি করে ছিল) তার প্রেক্ষায় বক্তব্য ছিল বিশ্ববিদ্যালয় প্রত্যেক শিক্ষার্থীকে তার পাঠক্রমের উপান্তে যে শংসাপত্র দেবে তাতে উল্লেখ থাকবে কী কী বিষয় তাকে পড়ানো হয়েছে, সে কতগুলি ক্লাশ, ল্যাবরেটরি ও ওয়ার্কশপের কাজ করেছে। নিয়োগকর্তা তার অধীত জ্ঞান যাচাই করে তাকে প্রয়োজন মতো প্রশিক্ষণ দেবেন। জে পি চেয়েছিলেন বর্তমান প্রথাগত শিক্ষার পাশাপাশি অ-প্রথাগত একটি শিক্ষার কাঠামো গড়ে উঠুক। দুটো পাশাপাশি চলতে থাকলে একে অপরের দ্বারা সমৃদ্ধ হতে পারে। তাঁর অপর লক্ষ্য ছিল কাজ-অভিমুখী অপ্রথাগত বয়স্ক শিক্ষা এবং মুক্ত বিশ্ববিদ্যালয়। অপ্রথাগত বয়স্ক শিক্ষার কর্মসূচি জনতা পার্টি শাসনকালে, বিশেষ করে জনতা পার্টি শাসিত রাজ্যগুলিতে যথেষ্ট গুরুত্ব দিয়ে অনুসৃত হয়েছিল। পরবর্তী রাজনৈতিক পরিবর্তনে সেই উদ্যোগ স্তিমিত করে দেওয়া হয়েছে। কিন্তু মুক্ত বিশ্ববিদ্যালয় কোন সরকারই উপেক্ষা করতে পারেনি।

এই দেশে এই সময়ে দেশের অধিকাংশ অভিজাত মানুষই উদারীকরণ, বেসরকারিকরণ ও বিশ্বায়নের মাহাত্ম্যে আচ্ছন্ন, কিন্তু আমরা শুধু আর্থব্যবস্থা নয় শিক্ষার ক্ষেত্রেও পাশ্চাত্যের কণ্ঠ অনুসরণে শঙ্কিত। আমাদের দৃঢ় ধারণা, এখন সময় এসেছে পুরোপুরি ঘুরে দাঁড়ানোর। সমাজ বিপ্লবের লক্ষ্য সাধনে শিক্ষাকে তার দায়িত্বপূর্ণ ভূমিকা পালন করা প্রয়োজন। কাজটা সহজ নয়, সে সম্পর্কে আমরা সচেতন। আমাদের সম্ভাবনা খতিয়ে দেখতে হবে। আপাত-অসম্ভবের অধিকার আবর্ত থেকে উত্তরণের জন্য চিরন্তন মানবিক মূল্যবোধের উপর বিশ্বাস ফিরিয়ে আনতে হবে। সে ক্ষেত্রে গান্ধীর শিক্ষা চিন্তা, তার সঙ্গে সুভাষ ও জয়প্রকাশের চিন্তাধারা এবং অবশ্যই আমাদের বরিষ্ঠ পথপ্রদর্শক রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, শ্রীঅরবিন্দ এবং জাতীয় শিক্ষা আন্দোলনের অন্য পুরোধারা আমাদের প্রেরণা ও আলোকবর্তিকা স্বরূপ থাকবেন।

# अंग्रेजी भजन

Take my life, and let it be
Consecrated, Lord! to Thee;
Take my hands, and let them move
At the impulse of Thy love.
Take my moments and my days,
Let them flow in ceaseless praise.
Take my feet, and let them be
Swift and beautiful for Thee.
Take my voice, and let me sing
Always, only for my King;
Take my lips, and let them be
Filled with messages from Thee.
Take my silver and my gold;
Not a mite would I withhold.
Take my intellect, and use
Every power as Thou shalt choose.
Take my will, and make it Thine;
It shall be no longer mine.
Take my heart; it is Thine own;
It shall be Thy Royal Throne.
Take my love; My Lord, I pour
At Thy feet its treasure-store.
Take myself, and I will be
Ever, only, all for Thee.

**Gandhi Smarak Sangrahalaya**
14, Riverside Road, Barrackpore, Kolkata-700120
website : www.gandhimuseum.in • e-mail : gandhimuseum.120@gmail.com
Editor : ***Professor Jahar Sen***
Published and Printed by Dr. Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya
Barrackpore, Kolkata-700 120 and Printed from Indian Art Concern, Kolkata
Subscription : ₹ 20.00